# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

১ জানুয়ারি-৩০ জুন, ২০২১ | ৪৭ তম সংখ্যা

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভাইস-চ্যান্সেলর হিসেবে অধ্যাপক ড. মো. ইমদাদুল হক -এর যোগদান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ভাইস-চ্যান্সেলর হিসেবে ২ জুন, ২০২১ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক যোগদান করেন।

উল্লেখ্য, ০১/০৬/২০২১ তারিখ মহামান্য রাষ্ট্রপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর আদেশক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার এক অফিস আদেশের মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১০ (১) ধারা অনুসারে তাঁকে ভাইস-চ্যান্সেলর পদে পরবর্তী চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়।



নতুন যোগদান দেয়া উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ

১৯৫৭ সালে পাবনা জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে মো. ইমদাদুল হক জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ইফাজ উদ্দিন মোল্লা এবং মাতার নাম জায়েদা খাতুন।

তিনি ১৯৭৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স সম্পন্ন করেন। শিক্ষাজীবনের সর্বক্ষেত্রে তিনি বিশেষ কৃতিত্বের স্বাক্ষর রেখেছেন। তিনি ১৯৮৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'Specialization in Plant Breeding & Biotechnology'-এর উপর পিএইচ.ডি ডিগ্রি লাভ করেন।

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রায় ৭৯টি তাঁর গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিতে ২০১৬ সালে সহ-সভাপতি, ২০১৭ সালে কার্যকরী সদস্য এবং ২০১৮ সালে সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-কে উপাচার্যের দায়িত্ব প্রদান




জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-কে ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব প্রদান করায় শিক্ষক সমিতির ফুলেল শুভেচ্ছা

১৮ মার্চ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখার এক অফিস আদেশের মাধ্যমে ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মীজানুর রহমান-এর মেয়াদ পূর্তিতে পরবর্তী ভাইস-চ্যান্সেলর নিয়োগ ও নবনিযুক্ত ভাইস-চ্যান্সেলর কার্যভার গ্রহণ না করা পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৫ এর ১০(৩) ধারা মতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ-কে ভাইস-চ্যান্সেলর হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

ইতোপূর্বে তিনি জামালপুরের শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। উল্লেখ্য, তিনি গত ২৭/১১/২০১৯ তারিখ হতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার হিসেবে দায়িত্ব পালন করছেন।

## বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে 'Ecosystem Restoration' শীর্ষক ওয়েবিনার

'বিশ্ব পরিবেশ দিবস-২০২১' উপলক্ষে 'Ecosystem Restoration' প্রতিপাদ্য বিষয়ের উপর ৬ জুন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের উদ্যোগে এক ওয়েবিনার এর আয়োজন করে।




বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে 'Ecosystem Restoration' শীর্ষক ওয়েবিনারে অংশগ্রহণকারী

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, জীববৈচিত্র্য ও পরিবেশ সংরক্ষণে দেশের সকল স্তরের জনগণ বিশেষ করে যুব সম্প্রদায়কে এগিয়ে আসতে হবে। আমাদের প্রজন্মের সকলের সমবেত এবং শক্তিশালী প্রচেষ্টাই পারে পরিবেশকে অক্ষুন্ন এবং সমৃদ্ধ রেখে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে। হারানো প্রকৃতি ও প্রতিবেশকে পুনরুদ্ধারের মাধ্যমেই আমরা এ ধরিত্রীকে টিকিয়ে রাখতে সক্ষম হবো। এ বছরের থিম অনুসারে ইকোসিস্টেমের যে উপাদানগুলো এখনও অক্ষত আছে তাদেরকে সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। আমরা হালদা নদীতে তা সম্ভব করে দেখিয়েছি। এখন হালদা নদীতে মাছ উৎপাদনের পাশাপাশি নদীর ইকোসিস্টেম ও সুরক্ষিত থাকছে। আমরা এভাবেই ধীরে ধীরে পরিবেশকে বাঁচাতে কাজ করতে চাই।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. একিউএম মাহবুব। তিনি তাঁর প্রবন্ধ উপস্থাপনায় অনেকগুলো দিক নির্দেশনা দিয়েছেন। যেমন- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান যাতে নিজস্ব পদ্ধতিতে গাছের চারা উৎপাদন করে শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে তা রোপন করে। শুধু গাছ রোপন করলেই হবে না, তা পরিচর্যার কথাও বলেছেন। রাষ্ট্রীয়ভাবে যাতে ঘোষণা করা হয় যে, কোন বছর কোন গাছের চারা উৎপাদন বা রোপন করা হবে।

তিনি আরও বলেন, পরিবেশ বান্ধব এবং কৃষি বান্ধব একটি টিভি চ্যানেল যাতে খোলা হয়। উক্ত চ্যানেলে পরিবেশ রক্ষা, বনায়ন, গাছের চারা উৎপান পদ্ধতি, রোপন পদ্ধতি, পরিচর্যার পদ্ধতি এবং উন্নত কৃষি প্রযুক্তির পদ্ধতি সম্পর্কে প্রচার করা হবে।

ওয়েবিনারে মূল প্রবন্ধের উপর আলোচক হিসেবে সংযুক্ত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ. এস. এম. মাকসুদ কামাল। তিনি তাঁর বক্তব্যে বলেন, বাস্তুতন্ত্রের পুনরুদ্ধার করা মূলত অনেক কঠিন কাজ। তবে এখনো যদি আমরা বর্তমান বাস্তুতন্ত্র ধরে রাখতে না পারি তবে আমাদের ভবিষৎ কঠিন হুমকির সম্মুখীন হবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। তিনি বলেন, প্রকৃতি আমাদের জীবনে কতটা গুরুত্বপূর্ণ, তা হয়তো অনেকেই করোনা মহামারীর কারণে বুঝতে পেরেছেন। কিন্তু পরিবেশ নিয়ে সচেতনতা বৃদ্ধির চেষ্টা চলছে বহু বছর ধরে তাও এখনও অনেকেই এড়িয়ে চলেন সেই সচেতন বার্তা।

প্রতিবছর ৫ জুন, বিশ্ব পরিবেশ দিবস (World Environment Day) পালিত হয়। এটি পরিবেশ রক্ষার সচেতনতা এবং নতুন পদক্ষেপকে উৎসাহিত করতে জাতিসংঘ দিবসটি পালন করে। বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১৫ সালে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় নেতৃত্ব দেয়ার জন্য জাতিসংঘ কর্তৃক 'Champions of the Earth' পদকে ভূষিত হয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে সরকারের পরিবেশ রক্ষার নিরলস প্রচেষ্টা সকল নাগরিকের সক্রিয় অংশগ্রহণ ছাড়া সফল করা সম্ভব নয়।

এছাড়াও অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন, অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান, মো. মহিউদ্দিন, ড. নিগার সুলতানা ও ড. মোহাম্মদ আল-আমীন হকসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

ওয়েবিনার অনুষ্ঠাটির সভাপতিত্ব করেন বিশ্বিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুল কাদের। তিনি বলেন, বর্তমান সরকার পরিবেশ রক্ষার ব্যাপারে অত্যন্ত আন্তরিক। জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশ সবচেয়ে বেশি ঝুঁকির সম্মুখীন। ২০৫০ সালের মধ্যে বাংলাদেশে প্রতি সাতজনে একজন জলবায়ু উদ্বাস্তু হবে। পরিবেশ বিপর্যয় রোধ এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বাংলাদেশ নেতৃত্ব দিচ্ছে। বাংলাদেশ বিশ্বের প্রথম দেশ হিসেবে জলবায়ু পরিবর্তনের অভিযোজনের জন্য 'Climate Change Trust Fund' নিজস্ব অর্থায়নে গঠন করেছে।

পরিবেশ অপরাধ নির্মূলে সরকারের পাশাপাশি জনগনকে সম্পৃক্ত হওয়ার আহবান জানিয়ে তিনি অনুষ্ঠানের সমাপনী ঘোষণা করেন।

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সোনার বাংলা গড়ার উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মধ্যে ২০২১-২২ অর্থ বছরের জন্য বার্ষিক চুক্তি (Annual Performance Agreement, APA) স্বাক্ষর অনুষ্ঠান ২৩ জুন ২০২১ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে অনুষ্ঠিত হয়।

উক্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুষ্ঠানে চেয়ারম্যান, সদস্যবৃন্দ, সচিব (অতিরিক্ত দায়িত্ব) এবং ২৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও এপিএ ফোকাল পয়েন্ট উপস্থিত ছিলেন।



জার্নাল অব আর্টস এর মোড়ক উন্মোচন করছেন উপাচার্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান।

## একাডেমিক সংবাদ

### নতুন পাঁচটি পাণ্ডুলিপি প্রকাশ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উদ্যোগে পান্ডুলিপি প্রকাশ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ৯ ফেব্রুয়ারি উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং প্রত্যেক পান্ডুলিপির লেখক স্ব-স্ব পাণ্ডুলিপির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। এসময় পান্ডুলিপি মুদ্রণ কমিটির আহবায়ক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকাশনা ও গবেষণায় আরো উদ্যোগী হওয়ার ধারাবাহিকতায় তৃতীয় পর্যায়ে মোট পাঁচটি পান্ডুলিপি প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নতুন পাণ্ডুলিপিপি গুলোর মধ্যে রয়েছে- ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম এর 'ইসলামে প্রতিবন্ধীদের অধিকার ও মর্যাদা', যুগ্মভাবে মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন ও সরকারী বিএল কলেজের সহযোগী অধ্যাপক ড. এস. এম. আজিজুল ইসলাম এর Crowding and Mental Health in Dhaka City, সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাবিনা শরমীন এর Juvenile Delinquency in Bangladesh: Dynamics and Legal Implications, সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন এর Exploring the Health Care Experiences of Older Women in Rural Bangladesh এবং সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফারহানা জামান এর Sociology of Disaster: Concepts, Perspectives and Theories।



পাণ্ডুলিপি প্রকাশ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ট্রেজারার, সংশ্লিষ্ট লেখক ও অন্যান্যরা

ইতিপূর্বে মোট ১০ টি পাণ্ডুলিপি প্রকাশ হয়েছে এছাড়া আরো ৯টি পান্ডুলিপি মুদ্রণের প্রক্রিয়াধীন রয়েছে।

## জার্নাল অব আর্টস এর মোড়ক উন্মোচন

১ মার্চ জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস (ভলিয়ম : ১০, নং: ১) এর মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস এর সম্পাদনা পর্ষদের প্রধান সম্পাদক ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস, সহযোগী সম্পাদকবৃন্দ এবং সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত 'Sociology of Disaster' গ্রন্থের মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের প্রকাশনায় সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফারহানা জামান রচিত 'SOCIOLOGY OF DISASTER: Concepts, Perpectives and Theories' গ্রন্থের মোড়ক উম্মোচন ৯ মার্চ উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান গ্রন্থের মোড়ক উম্মোচন করেন। এসময় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামীসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রকাশনায় ইতিমধ্যে ১৫ টি গ্রন্থ প্রকাশ হয়েছে এবং আরো কিছু সংখ্যক গ্রন্থ প্রকাশের প্রক্রিয়াধীন রয়েছে।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় জার্নাল অব লাইফ এন্ড আর্থ সায়েন্স-এর মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের প্রকাশনা 'জার্নাল অব লাইফ এন্ড আর্থ সায়েন্স' (ভলিয়ম # ৫, নং ১ ও ২)-এর মোড়ক উন্মোচন ২৪ মে উপাচার্য এর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ জার্নালের মোড়ক উন্মোচন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় জার্নাল অব লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ-এর সম্পাদনা পর্ষদের প্রধান সম্পাদক অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন, সহযোগী সম্পাদক এবং সম্পাদনা পর্ষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন প্রক্টর ড. মোস্তফা কামালসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ।

## জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস-এর মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের প্রকাশনা 'জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস' (ভলিয়ম # ১০, নম্বর # ২)-এর মোড়ক উন্মোচন ৩০ মে উপাচার্য এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ জার্নালের মোড়ক উন্মোচন করেন। এসময় জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব আর্টস-এর সম্পাদনা পর্ষদের প্রধান সম্পাদক ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস, সম্পাদনা পর্ষদের সদস্যবৃন্দ এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান উপস্থিত ছিলেন।

## জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব স্যোশাল সায়েন্স্-এর মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের প্রকাশনা 'জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব স্যোশাল সায়েন্স্' (ভলিয়ম # ৮ ও ৯, নম্বর # ১ ও ২)-এর মোড়ক উন্মোচন ২৯ জুন উপাচার্য এর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক জার্নালের মোড়ক উন্মোচন করেন।এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব স্যোশাল সায়েন্স-এর প্রধান সম্পাদক ও অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সায়েন্সস এর মোড়ক উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের 'জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব সায়েন্সস' (ভলিয়ম # ৭, এবং নম্বর # ২) এর মোড়ক উন্মোচন ৩০ জুন উপাচার্য এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক জার্নালের মোড়ক উন্মোচন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জার্নাল কমিটির প্রধান সম্পাদক ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডলসহ অন্যান্য সদস্যবৃন্দ এবং শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ উপস্থিত ছিলেন।

# সাংস্কৃতিক সংবাদ

## ঢাকা ফিল্ম ফেস্টিভ্যালে জবি শিক্ষার্থীদের 'স্টোরি অফ এ স্টোন'

১৯তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রদর্শিত হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নির্মিত মাইক্রো ফিল্ম 'স্টোরি অফ এ স্টোন'। চলচ্চিত্রটি ২৩ জানুয়ারি শাহবাগ কেন্দ্রীয় পাঠাগারের অডিটোরিয়ামে প্রদর্শিত হয়। চলচ্চিত্রটির পরিচালক ছিলেন রওনাকুর সালেহীন, সহকারী পরিচালক সাদমান শিহির, চিত্রগ্রাহক ধ্রুব সেন। তারা তিনজনই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের শিক্ষার্থী। এছাড়াও সম্পাদনা করেছেন একই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আহসান আল মিরাজ আর স্টোন আর্টিস্ট ছিলেন শিশির আহমেদ। তারা যথাক্রমে সংগীত ও চারুকলা বিভাগের শিক্ষার্থী।

উল্লেখ্য, ৬০ সেকেন্ড ফিল্ম ফেস্টিভাল ব্যানারে ব্যাংকক, ড্রিম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল কলকাতা, খুলনা ইউনিভার্সিটি ইনডিপেন্ডেন্ট ফিল্ম ফেস্টিভালে দর্শকদের মন জয় করার পাশাপাশি পাকিস্তান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবেও ৬০ সেকেন্ড ক্যাটাগরিতে ফাইনালিস্ট হওয়ার গৌরব অর্জন করে। উল্লেখ্য, ১৯তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে মোট ৭২টি দেশের বিভিন্ন ধাঁচের মোট ২২৭টি চলচ্চিত্র প্রদর্শিত হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভার্চুয়ালি বসন্ত বরণ উদ্‌যাপন

প্রতি বছর ঋতুরাজ বসন্তকে বরণ উপলক্ষে সশরীরে নানা রকম অনুষ্ঠান হলেও করোনার কারণে এবারের পরিস্থিতি ভিন্ন হওয়ায় ঐতিহ্য ধরে রাখতে ১৪ ফেব্রুয়ারি ভার্চুয়ালি বসন্ত বরণ-১৪২৭ উদযাপন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ।

বিশ্ববিদ্যালয়ের 'জবিয়ানস' নামের ফেসবুক গ্রুপ থেকে অনুষ্ঠানটির ভিডিও সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। তিনি এ ভার্চুয়াল অনুষ্ঠানের উদ্বোধন করেন।

ভার্চুয়াল অনুষ্ঠানে বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. পারভীন আক্তার জেমীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. শামীম আরা।

## বিটিভির নৃত্যশিল্পী নির্বাচিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ইরিন

বাংলাদেশ টেলিভিশনের (বিটিভি) নৃত্যশিল্পী নির্বাচিত হয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ইরিন জাহান ঝিলিক। তিনি বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক সংগঠন থিয়েটারের সাংস্কৃতিক কর্মী। ইরিন বাংলাদেশ টেলিভিশনের নৃত্যশিল্পী নির্বাচনী পরীক্ষা ২০২০-এ অংশগ্রহণ করে বিটিভির নৃত্যশিল্পী হিসেবে নির্বাচিত হন। উল্লেখ্য, ইরিন জাহান ঝিলিক বাংলাদেশ টেলিভিশনের নৃত্যশিল্পী প্রতিযোগিতার পরীক্ষায় দুই ধাপে- প্রাথমিক ধাপ বেসিক ২০২০ সালের ১৮ নভেম্বর এবং পরের ধাপ স্ক্রিনটেস্ট ২০২১ সালের ২৮ জানুয়ারি অংশ নিয়ে উভয় ধাপেই পারফরম্যান্স করে বাংলাদেশ টেলিভিশনের নৃত্য শিল্পী প্রতিযোগিতায় চূড়ান্ত নির্বাচিত হন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের মিউজিক এসোসিয়েশন এর উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে ২৬ মার্চ স্বাধীনতা উৎসব সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে স্থাপিত মুজিব মঞ্চে অনুষ্ঠিত হয়।



অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন দায়িত্বপ্রাপ্ত উপাচার্য

এতে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য ও ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, সহকারী প্রক্টর, শিক্ষক ও শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীরা উপভোগ করেন।

উল্লেখ্য, অনুষ্ঠানে গান পরিবেশন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্যান্ড মিউজিক এর সদস্যদল মনের মানুষ, ট্রাভেলার্স, অভিকর্ষ, আবোল-তাবোল ও অন্যান্য দল অংশগ্রহণ করে। এছাড়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের গান ও দেশাত্মবোধক গান প্রচার করা হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভার্চুয়ালি বাংলা নববর্ষ পালিত

করোনা মহামারীর কারণে এবার ভার্চুয়ালি বাংলা নববর্ষ ১৪২৮ পালন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। ১ বৈশাখ (১৪ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পেজ (JnU Prip Dhaka)-এর মাধ্যমে বাংলা নববর্ষ অনুষ্ঠানটি সম্প্রচারিত হয়।



বাংলা নববর্ষ ১৪২৮ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আয়োজিত ভার্চুয়াল সাংস্কৃতি অনুষ্ঠান

এতে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। শুভেচ্ছা বক্তব্যে তিনি বলেন, বৈশাখের বিষয়টা হলো আমরা বাঙালি হিসেবে একে অপরের কাছে আসতে ভালোবাসি। এমন জীবন ঘনিষ্ঠ আবেগ ও অনুভূতি সম্পন্ন জাতি পৃথিবীতে আর একটিও খুঁজে পাওয়া যাবে কি না সন্দেহ। আমরা পহেলা বৈশাখে রমনা বটমূলে যাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষ্ঠান হয় সেখানে অনেকে অংশগ্রহণ করে যারা ঢাকা শহরে থাকেন। এছাড়াও গ্রামে গঞ্জে সর্বত্র বৈশাখী আমেজ পরিলক্ষিত হয়।

সেই আমেজটি এবছরও গতবছরের ন্যায় একটু ভিন্ন ধারায় আমাদের কাছে ধরা দিয়েছে। আসলে বাঙালির প্রাণের উৎসব হলো এই বৈশাখ উৎসব এবং এটি ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে একে অপরের কাছে আসার এক অনন্য উৎসব। ধর্মীয় ক্ষেত্রে উৎসব পালনে একটা ভেদাভেদ থাকে কিন্তু এই উৎসবে কোনো ভেদাভেদ নেই। এই উৎসব হয়ে ওঠে সকল বাঙালির।

জবি উপাচার্য আরও বলেন, "জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষকমণ্ডলী এক্ষেত্রে বরাবরই অনেক বছর থেকে একটি জোরালো ভূমিকা পালন করে যাচ্ছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে যেভাবে পহেলা বৈশাখ উদ্‌যাপিত হয় সারাদিনব্যাপি তার সাথে অন্য কিছুরই তুলনা হয় না। সেটা অনেক ক্ষেত্রে আমাদের ঐতিহ্য, সংস্কৃতি যে বিভিন্ন পরিচয় এসব কিছুই ধারণ করে।"

জগন্নাথ বিশ্ববিদ্যালয় এ ক্ষেত্রে একটি অনন্য উদাহরণ। এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বরাবরই অগ্রণী ভূমিকা পালন করেছে এবং এখনো করছে। এখন আমাদের এমন একটা সময় চারিদিকে শুধু দুঃখ সংবাদ কি জানি কাল সকালে আবার কি দুঃখের সংবাদ শুনি। এমন সময় আমরা অতিবাহিত করছি। এ সময় আনন্দ কেমন জানি বিষন্ন মনে হচ্ছে। বাঙালি জাতি হিসেবে আমাদের ঐতিহ্যকে লালন করার ক্ষেত্রে কতটা সিরিয়াস সেটা পহেলা বৈশাখ গ্রাম, গঞ্জ এবং শহরে সর্বোচ্চ উদযাপন দেখে বুঝা যায়।

কিন্তু এখন আমরা যে দুর্যোগের মুখোমুখি দাঁড়িয়ে আছি মানুষ মানুষকে দূরে ঠেলে দিতে বাধ্য করেছে। সাময়িক দূরে থাকার বিনিময়ে আমরা যেন আবারো কাছে আসতে পারি পহেলা বৈশাখের দিনে আমাদের সকল বাঙালির এই প্রত্যাশা থকবে। এই অন্ধকার, পাপ সেগুলো নতুন বছরের আগমনে দূরীভূত হবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে যে যাত্রা শুরু হয়েছে একটা সাংস্কৃতিক বলয়ের মাধ্যমে সেই শুরুটা সফল হবে সকলের সম্মিলিত প্রচেষ্টায়।

আজকে যে অন্ধকার, অমানিশা আশাকরি অচিরেই অন্ধকার পেরিয়ে আলো আসবে। এসময় তিনি সবাইকে নববর্ষের শুভেচ্ছা জানান এবং স্বাস্থ্য বিধি মেনে চলতে বলেন।

এছাড়াও শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম।

সংগীত বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মাহমুদুল হাসান-এর সঞ্চালনায় সংগীত বিভাগের আয়োজনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

# উন্নয়নমূলক সংবাদ

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আধুনিক মেডিকেল সেন্টার এর শুভ উদ্বোধন

১৭ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয় আধুনিক মেডিকেল সেন্টার এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, রেজিস্ট্রার, বিভিন্ন দপ্তরের পরিচালক, প্রক্টর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, কর্মকর্তা সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অন্যান্য শিক্ষক- শিক্ষিকা ,কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, নবনির্মিত এই মেডিকেল সেন্টারে ছেলে মেয়েদের জন্য আলাদা দুইটি ওয়ার্ড, ডাক্তারদের বসার কক্ষ এবং প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি রয়েছে।

## প্রকাশনা উপকরণ বিক্রয়কেন্দ্রের শুভ উদ্বোধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকদের গবেষণাধর্মী পাণ্ডুলিপি পুস্তকাকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত পুস্তক ও অন্যান্য প্রকাশনা ছাত্র-শিক্ষকসহ সকলের নিকট বিক্রয় সেবা প্রদানের লক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'প্রকাশনা উপকরণ বিক্রয়কেন্দ্র' চালু করা হয়। প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ১৭ মার্চ বিক্রয়কেন্দ্রের শুভ উদ্বোধন করেন। এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, রেজিস্ট্রার, দপ্তরের পরিচালক, প্রক্টর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, কর্মকর্তা সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ

উপস্থিত ছিলেন। উল্লেখ্য, প্রকাশনা উপকরণ বিক্রয়কেন্দ্রের সার্বিক দায়িত্বে নিয়োজিত রয়েছে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর।

## শিক্ষার্থীদের সুবিধার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং 'নগদ'-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুবিধার কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং 'নগদ'-এর মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান' আজ ১ এপ্রিল উপাচার্যের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং 'নগদ লিমিটেড' এর পক্ষে চিফ এক্সিকিউটিভ অফিসার রাহেল আহমেদ চুক্তিতে স্বাক্ষর করেন।

উল্লেখ্য, এই চুক্তির মাধ্যমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের বেতন, পরীক্ষার ফিসহ অন্যান্য পরিশোধযোগ্য ফি 'নগদ' এর মাধ্যমে পরিশোধ করতে পারবে। এছাড়া GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা (২০২০-২১)-এর পরীক্ষা ফিও 'নগদ' এর মাধ্যমে পরিশোধ করতে পারবে।

চুক্তিতে Witness হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন এবং 'নগদ লিমিটেড' এর AGM & Head of Utility & Edu Payment সোহেল এস তাসনিম এবং সিনিয়র এক্সিকিউটিভ সাদ আজাদ স্বাক্ষর করেন। এসময় প্রক্টর ড. মোস্তফা কামাল, আইসিটি সেলের পরিচালক অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য্যসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক এবং 'নগদ লিমিটেড' এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## সিমাগো র‍্যাংকিংয়ে স্থান পেল জগন্নাথ বিশ্ববিদ্যালয়

আন্তর্জাতিক মানদণ্ডে বাংলাদেশের সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থানে প্রথমবারের মতো জায়গা করে নিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

২১ এপ্রিল বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউশন্সের ওয়েবসাইটে প্রকাশিত ২০২১ সালের র‍্যাংকিংয়ের প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। বিশ্বের বিভিন্ন দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো ইনস্টিটিউশন্স র‍্যাংকিংয়ের ২০২১ সালের সংস্করণে জায়গা পায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

প্রতিবেদনে বাংলাদেশের ৩০টি সরকারি-বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয় জায়গা পেয়েছে। এরমধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান ১৮তম। এছাড়াও পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ১২তম অবস্থানে আছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। এশিয়া অঞ্চলে ৪৪৬ ও আন্তর্জাতিকভাবে ৮২৪ তম অবস্থানে আছে বিশ্ববিদ্যালয়টি।

বিশ্ববিদ্যালয়ের এমন সাফল্যে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, 'জগন্নাথ ইউনিভার্সিটির বয়স ১৫ বছর, সেই হিসেবে এই অর্জনটা অনেক বড়। এক্ষেত্রে শিক্ষকদের একটা গুরতপূর্ণ ভূমিকা রয়েছে। অনেক শিক্ষকের জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ভালো সাফল্য রয়েছে। আশা করি জগন্নাথ বিশ্ববিদ্যালয় খুব শিগগিরই আরও অনেক দূর এগিয়ে যাবে।'

উল্লেখ্য, ২০২১ সালের এই তালিকায় বিশ্বের ৭ হাজার ৫৫৩টি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান জায়গা পেয়েছে। এবছর বাংলাদেশে প্রথম অবস্থানে রয়েছে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র 'বাংলাদেশ আইসিডিডিআরবি'।

## প্রযুক্তিগত উন্নয়ন কার্যক্রম

- অটোমেশন পদ্ধতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সকল বিভাগ ও দপ্তরের কাজ যাত্রা শুরু হয়েছে। jrp.jnu.ac.bd সফটওয়্যারের মাধ্যমে বেতন ও অন্যান্য হিসাবের দ্রুত তথ্য পাওয়া সম্ভব হচ্ছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের Salary Payment Statement, Loan Management, GPF Management, Cash Balancing এবং অন্যান্য আর্থিক লেনদেন সংক্রান্ত কার্যাবলি এই সফটওয়্যারের মাধ্যমে করা যাচ্ছে।
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে **Gsuite** এর সুবিধা পাওয়ার ব্যবস্থা গ্রহন করা হয়েছে।
- শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারীদের সরাসরি নিয়োগ ও আপগ্রেডেশনের সফটওয়্যার তৈরি করা হয়েছে।
- অনলাইনে ক্লাস নেয়ার জন্য সম্মানিত শিক্ষকদের BdREN **Zoom** Account ব্যবহারের সুযোগ পাচ্ছে।
- সম্মানিত শিক্ষক ও কর্মকর্তাদের প্রাতিষ্ঠানিক ই-মেইল আইডি **Gmail** এ স্থানান্তর করা হয়েছে।
- শিক্ষার্থীদের স্কালারশীপের জন্য অনলাইনে আবেদনের কাজ চলমান রয়েছে।
- শিক্ষার্থীদের লাইব্রেরিতে ব্যবহারের জন্য ডিজিটাল আইডি কার্ড এর কাজ চলমান রয়েছে ।
- বেগম ফজিলাতুন্নেছা মুজিব ছাত্রী হলে ওয়াইফাই এর মাধ্যমে ইন্টারনেট সংযোগের কাজ করা হয়েছে।
- শিক্ষকদের পরীক্ষা সংক্রান্ত পারিতোষিক বিল প্রদানের সফটওয়্যার তৈরির কাজ চলছে।
- শিক্ষার্থীদের অনলাইনে সার্টিফিকেট ও মার্কশিট আবেদনের সফটওয়্যার তৈরির কাজ চলছে।
- Online IT Service Request Software তৈরির কাজ চলমান রয়েছে।

# বিভাগীয় কার্যক্রম/সেমিনার

## চার দিনব্যাপী 'Basic Counseling Skills' প্রশিক্ষণের সমাপ্তি

পেশাগত মনোবিজ্ঞানী তৈরির লক্ষ্যে তাদের দক্ষতা বৃদ্ধির জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে ৪ দিনব্যাপি (৪-৭ জানুয়ারি) "বেসিক কাউন্সেলিং স্কিলস" (Basic Counseling Skills) বিষয়ক অনলাইন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

উক্ত প্রশিক্ষণে মনোবিজ্ঞান বিভাগের মাস্টার্স ২০১৮-১৯ সেশনের ১০ম ব্যাচের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। তাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রমটি সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। শিক্ষার্থীরা এ প্রশিক্ষণের মাধ্যমে কাউন্সেলিং সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ করেছে যা তাদের কাউন্সেলিং দক্ষতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে শিক্ষার্থীরা আশা প্রকাশ করেছেন এবং ভবিষ্যতে এরকম কার্যক্রমে আরো বেশি বেশি সম্পৃক্ত হওয়ার আশা ব্যক্ত করেছেন।

এ প্রশিক্ষণে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দিন, অধ্যাপক ড. অশোক কুমার সাহা, বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মাদ এবং সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আকরাম উজ-জামান। অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমটির ট্রেনিং কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফারজানা আহমেদ।

উক্ত প্রশিক্ষণের প্রশিক্ষক ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক শামীমা আক্তার, রাহেমা রহিম, জান্নাতুল ফেরদৌস এবং প্রভাষক বিজন বাড়ৈ।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা জানতে পেরেছে কিভাবে একটি কাউন্সেলিং সেশন পরিচালনা করতে হয়, কাউন্সেলিং সেশন পরিচালনা করতে কি ধরণের স্কিলস কিভাবে ব্যবহার করতে হয়, কি ধরণের তথ্য জানা প্রয়োজন, কিভাবে কেইস ফরমুলেশন করতে হয়, কি ধরণের নীতি নৈতিকতা মেনে চলতে হয় এবং বিভিন্ন প্রয়োজনীয় ডকুমেন্ট সম্পর্কে ব্যবহারিক জ্ঞান অর্জন করেছেন। উক্ত প্রশিক্ষণে উপস্থিত অতিথিরা বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগ পেশাগত মনোবিজ্ঞানী তৈরি করতে নিয়মিতভাবে এ ধরণের প্রশিক্ষণসহ অন্যান্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে যার কার্যকারিতার প্রতিফলন ইতিমধ্যে উক্ত বিভাগ

থেকে পাসকৃত শিক্ষার্থী, যারা বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করছে তাদের কাজের মধ্যে প্রতিফলিত হচ্ছে। ভবিষ্যতেও এ ধরণের কার্যক্রম অব্যাহত থাকার সাথে সাথে আরও নতুন নতুন প্রশিক্ষণের আয়োজন করা হবে বলে আশা প্রকাশ করেন।

## উদ্ভিদবিজ্ঞান বিভাগে মোঃ সামছুল হক ও জোহরা খাতুন ট্রাস্টের উদ্বোধন

২ ফেব্রুয়ারি উদ্ভিদবিজ্ঞান বিভাগের অসচ্ছল শিক্ষার্থীদের আর্থিক সহায়তার জন্য পাঁচ লক্ষ টাকা মূল্যমানের তৃতীয় ট্রাস্ট ফান্ড 'মোঃ সামছুল হক ও জোহরা খাতুন ট্রাস্ট' এর শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠানে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী সাখাওয়াত হোসেন, রেজিস্ট্রার, ট্রাস্টিবৃন্দ, অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় উপাচার্য ট্রাস্ট ফান্ডের দাতাত্রয় সাহানা পারভীন, শাহরিয়ার পারভীন এবং সারোয়ারী পারভিন হককে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। উল্লেখ্য উদ্ভিদবিজ্ঞান বিভাগে চার লক্ষ টাকা মূল্যমানের শেখ আবুল হোসেন ও আবেদা খাতুন ট্রাস্ট ফান্ড এবং পাঁচ লক্ষ টাকা মূল্যমানের ড. মোঃ আতাহার উদ্দিন ট্রাস্ট ফান্ড নামে আরও দুইটি ট্রাস্ট ফান্ড পরিচালিত হয়ে আসছে।

## অণুজীব বিজ্ঞান বিভাগে নতুন ল্যাবরেটরি উদ্বোধন

২ ফেব্রুয়ারি অণুজীব বিজ্ঞান বিভাগে ব্যবহারিক ও গবেষণা কর্ম জোরদার করার লক্ষে আধুনিক যন্ত্রপাতি সমৃদ্ধ নতুন ল্যাবরেটরির শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম, অণুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমসহ বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

## জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগে নতুন ল্যাবের উদ্বোধন

৮ ফেব্রুয়ারি জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগে বায়োইনফরমেটিক্স, প্র্যাকটিক্যাল এবং মলিকুলার এন্ড এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি ল্যাবের শুভ উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. দিলারা ইসলাম শরীফ, রেজিস্ট্রার, প্রক্টর, পরিচালক (অর্থ ও হিসাব) সহ বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অর্থায়নে ল্যাবরেটরি তৈরি হয়। এতে করে শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ জীববিজ্ঞানের সকল শাখায় গবেষণাকার্যে আরো অগ্রগামী হবে।

## 'স্বল্পতাপ ব্যবহার করে শীতল অবস্থা তৈরিকরণ-একটি পরিবেশবান্ধব প্রযুক্তি' শীর্ষক সেমিনার

পদার্থবিজ্ঞান বিভাগের ১৮ ফেব্রুয়ারি 'স্বল্পতাপ ব্যবহার করে শীতল অবস্থা তৈরিকরণ-একটি পরিবেশবান্ধব প্রযুক্তি' শীর্ষক সেমিনার বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল। অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের এম. ডি মাসুদ আহমেদ ও সাবেক এম. ডি দীপক কান্তি পাল।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পদার্থবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রকল্প পরিচালক ড. মোঃ কুতুব উদ্দিন।

এসময় বক্তারা এ প্রকল্পের উদ্দেশ্য নিয়ে উৎসাহব্যঞ্জক বক্তব্য প্রদান করেন এবং প্রকল্পের সফলতা কামনা করেন। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের পরিবেশগত উন্নয়ন ও এনার্জি ক্রাইসিস কমে যাবে বলে মতামত ব্যক্ত করেন। সেমিনারে বর্তমানে ব্যবহৃত এসি সিস্টেম কর্তৃক পরিবেশের ক্ষতিকারক দিকগুলো তুলে ধরে এর বিকল্প ব্যবস্থা সম্পর্কে আলোচনা করা হয়। অনুষ্ঠানে বক্তারা এডজোরপসান সিস্টেম নামে নতুন সিস্টেমকে বর্তমানে সিস্টেমের বিকল্প হিসেবে অভিমত দেন।

## আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র‌্যালি

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। এ উপলক্ষে 'একুশ শতকের চাওয়া, একুশের প্রাপ্তি: নারীর জেগে উঠা, নারীর মুক্তি' স্লোগানকে সামনে রেখে বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল এর উদ্যোগে ৮ মার্চ একটি র‌্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

র‌্যালিতে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল এর প্রভোস্ট অধ্যাপক ড. শামীমা বেগম এবং আবাসিক শিক্ষক ড. প্রতিভা রানী কর্মকারসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

## গণিত বিভাগের অবকাঠামোগত উন্নয়ন ও সংস্কার কাজের শুভ উদ্বোধন

থার্মেক্স গ্রুপের অর্থায়নে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অবকাঠামোগত উন্নয়ন ও সংস্কার কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠান ১৭ মার্চ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উন্নয়ন ও সংস্কার কাজের উদ্বোধন করেন।

বিজ্ঞান অনুষদের ডিন ও গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডলের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এসময় আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলমসহ বিভাগীয় শিক্ষকবৃন্দ বক্তব্য প্রদান করেন। এসময় গণিত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ ও আরো অনেকে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, থার্মেক্স গ্রুপের অর্থায়নে ৫০টি কম্পিউটারসহ ল্যাব ও কনফারেন্স রুম এবং শীতাতপ নিয়ন্ত্রিত ক্লাস রুমসহ মোট দুইটি ক্লাস রুমের আধুনিকায়নের কাজ করা হয়।

## 'অটিজমে আক্রান্ত শিশুর মানসিক স্বাস্থ্য সুরক্ষায় সমন্বিত চিকিৎসা পদ্ধতি' শীর্ষক ওয়েবিনার

বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২১ উপলক্ষে মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে 'অটিজমে আক্রান্ত শিশুর মানসিক স্বাস্থ্য সুরক্ষায় সমন্বিত চিকিৎসা পদ্ধতি' শীর্ষক ওয়েবিনার অনলাইন প্ল্যাটফরম জুমে ৮ এপ্রিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানটির উপস্থাপনা করেন মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. ফারজানা আহমেদ। এ সময় ওয়েবিনারে উপস্থিত বক্তারা বলেন, "অটিজম কোনো রোগ নয়, অটিজম শিশুরা বিশেষ বৈশিষ্ট্য সম্পন্ন। তাই চিকিৎসার চেয়ে বেশি দরকার অটিজম শিশুদের সমন্বিত ব্যবস্থাপনা।'

ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মদ।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। তিনি বলেন, "মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য কন্যা সায়মা ওয়াজেদ পুতুলের নেতৃত্বে বাংলাদেশে অটিজম সচেতনতায় যুগান্তকারী পরিবর্তন সাধিত হয়েছে। তার এই গুরুত্বপূর্ণ ভূমিকার সাথে মনোবিজ্ঞান বিভাগসহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় সব সময় সাথে থাকবে।' তিনি অটিজম শিশুদের জন্য সচেতনতা তৈরিতে মনোবিজ্ঞানীদের ভূমিকার প্রশংসা করেন।

ওয়েবিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মো: সাইফুল ইসলাম এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কনসালটেন্ট নিউরোলজিস্ট এবং ট্রেনিং কোঅর্ডিনেটর ডা. মাজহারুল মান্নান।

এছাড়া অনুষ্ঠানে আলোচক হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান, মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দিন, সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. আনোয়ার হোসেন, ভারতের কলকাতার আমেথী বিশ্ববিদ্যালয়য়ের মনোবিজ্ঞান বিভাগের শিক্ষক অপরাজিতা চক্রবর্তী। ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. অশোক কুমার সাহা।

## 'SEEDING LABS Instrumental Access Award-2020' এর শিপমেন্ট গ্রহণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'SEEDING LABS Instrumental Access Award-2020' এর প্রায় ৩ কোটি টাকার গবেষণা সরঞ্জামাদি এসে পৌঁছেছে। ১৮ এপ্রিল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদীন আহমদ শিপমেন্ট এর যন্ত্রপাতিগুলো আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন। এরপর যন্ত্রপাতিগুলো বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. দিলারা ইসলাম শরীফ এর নিকট বুঝিয়ে দেন।

উপাচার্য (দায়িত্বপ্রপ্ত) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বলেন, আমারা যে গবেষণা সরঞ্জাম পেয়েছি, এতে করে একটি উচ্চ মানসম্পন্ন ল্যাব তৈরি করতে পারবো। যা বায়োটেকনোলজিক্যাল গবেষণার জন্য খুবই গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের জন্য এই সামগ্রীগুলো অনেকটাই গবেষণার কাজে নতুন মাত্রা যোগ করবে। আমাদের ইচ্ছা করোনার ভ্যারিয়েন্ট নিয়ে গবেষণা করা, পাশাপাশি সেগুলো প্রতিরোধে কিভাবে ভ্যাকসিন তৈরি করা যাবে সেটা নিয়ে কাজ করা।

সিডিং ল্যাব (Seeding Labs Instrumental) বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নের জন্য আধুনিক যন্ত্রপাতি সহ প্রায় ৩ কোটি টাকার উচ্চমান সম্পন্ন ল্যাব সরঞ্জাম প্রদান করেন। অ্যাওয়ার্ড ঘোষণার প্রায় ১১ মাস পর আমেরিকার বোস্টোন থেকে এসব ল্যাব সামগ্রী বিশ্ববিদ্যালয়ে এসে পৌছায়।

বাংলাদেশ থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রথমবারের মতো এই অ্যাওয়ার্ড অর্জন করে। গত বছর ২৭ মে ২০২০ সিডিং ল্যাব সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এই এওয়ার্ড ঘোষণা করে। গত বছর বিশ্বের ১০টি দেশের মোট ১৮টি বিশ্ববিদ্যালয় এই এওয়ার্ড অর্জন করে।

২০২০ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ হতে সর্বপ্রথম এটি অর্জন করে এবং এবছর এশিয়া মহাদেশ হতে প্রাপ্ত এটিই একমাত্র অনুদান প্রকল্প। এই প্রকল্পের আওতায় বিভাগটি দুইটি পিসিআর মেশিন, ওয়াটার পিউরিফিকেশান সিস্টেম, বায়োলজিক্যাল সেফটি কেবিনেট, স্পেকট্রোফটোমিটার, ফিউম হুড, সেন্ট্রিফিউজ মেশিন, ডেসিকেটর, ভ্যাকিউম ফিল্ট্রেশন, জেল ইলেক্ট্রোফোরেসিস মেশিন, ম্যাগনেটিক স্টায়ারার, ভর্টেক্স, ওয়াটার ডিস্টিলেশন সিস্টেম ও বিভিন্ন ধরণের ইনকিউবেটরসহ ৯৪টি যন্ত্রপাতি বিভাগের গবেষণা কার্যক্রমে যুক্ত হলো। জীব প্রযুক্তির প্রায় প্রতিটি গবেষণা অধিক্ষেত্রে এই ল্যাবটি অগ্রণী ভূমিকা পালন করবে।

গবেষণা যন্ত্রপাতিগুলো গ্রহণ করার সময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোস্তফা কামাল, সহকারী প্রক্টরবৃন্দ, পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের পরিচালক, প্রধান প্রকৌশলী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উল্লেখ্য, আমেরিকার সিডিং ল্যাব নামের একটি বেসরকারি সংগঠন এই অ্যাওয়ার্ড দিয়ে থাকে। এই প্রোগ্রামের মাধ্যমে নিম্ন ও মধ্যবিত্ত দেশের বিশ্ববিদ্যালয়ের তরুণ বিজ্ঞানীদের শিক্ষা ও গবেষণার জন্য স্বল্প খরচে উন্নতমানের বৈজ্ঞানিক যন্ত্রপাতি দেওয়ার ব্যবস্থা করে থাকে। যার উদ্দেশ্য নিম্ন মধ্যবিত্ত দেশের তরুণ বিজ্ঞানীদের নতুন কিছু আবিষ্কার ও গবেষণায় উৎসাহিত করা।

## শিক্ষার্থীদের শিক্ষাজীবন ও মানসিক স্বাস্থ্য উন্নয়ন নিয়ে ওয়েবিনার

করোনায় বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের শিক্ষাজীবন ও মানসিক স্বাস্থ্য উন্নয়ন নিয়ে সমাজকর্ম বিভাগের উদ্যোগে এক ওয়েবিনার ২১ এপ্রিল অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের দ্বায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বিশ্বব্যাপী করোনাভাইরাসের প্রভাবে শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন বন্ধের কারণে শিক্ষা বিমুখ হয়ে আছে শিক্ষার্থীরা। দীর্ঘদিন অনলাইনে ক্লাস হলেও হয়নি পরীক্ষা। যেকারণে সেশনজটের ভয়সহ নানা রকম সমস্যার সম্মুখীন হচ্ছে শিক্ষার্থীরা। এ অবস্থায় শিক্ষার্থীরা যাতে হতাশ হয়ে না পড়ে সেজন্য শিক্ষকদের শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে হবে। শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের উন্নতিতে কাজ করতে হবে।

এসময় অনুষ্ঠানে প্রথম বক্তা হিসেবে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের অধ্যাপক তাহমিনা ইসলাম করোনা পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একাডেমিক ও ক্যারিয়ার ভাবনা এবং করনীয় বিষয়ে বলেন, করোনার কারণে আমাদের বসে থাকলে চলবে না।জীবন চলতে সব সময়ই কিছু না কিছু সমস্যার সম্মুখীন হতে হয় আমাদের করোনা ঠিক এতটুকুই বাঁধা আমাদের জন্য। এই সময়ে হাত পা গুটিয়ে না থেকে নিজেদের উন্নতির সাধনে কাজ করতে হবে যাতে যেকোন পরিস্থিতিতে অন্যদের থেকে আমরা এগিয়ে থাকতে পারি। যা আগামী সময়ে আমাদের ক্যারিয়ার গড়তে সহায়ক হয়।

এছাড়া অনুষ্ঠানে দ্বিতীয় বক্তা হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্রের সহকারী পরিচালক ও মনোবিজ্ঞানী ইফরাত জামান করোনা পরিস্থিতিতে মানসিক স্বাস্থ্য সমস্যা এবং মানসিক স্বাস্থ্য উন্নয়নে করনীয় বিষয়ে বলেন, মহামারী করোনাভাইরাসের এই কঠিন সময়ে আবদ্ধ অবস্থায় দিন পার করছে আমাদের শিক্ষার্থীরা। ফলে নানা রকম অপ্রয়োজনীয় কাজে জড়িয়ে পড়ছে। ফলে এলোমেলো চিন্তা ভর করছে তাদের মাথায়। সময় পার করতে শিক্ষার্থীরা অনলাইনে আসক্তি হয়ে যাচ্ছে এবং অনলাইনে গেমসে আটকে যাচ্ছে । একটুতে একটু হলেই তারা অস্বাভাবিক আচারণ করে বসছে। যেটা শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের অবনতির কারণেই ঘটছে। এটা থেকে বেরিয়ে আসতে হলে আমাদের সকলেই অধিক সচেতন হতে হবে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের সহকারী অধ্যাপক বুশরা জামানের সঞ্চালনায় সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানা। এসময় বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী ছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীরা ওয়েবিনারে উপস্থিত ছিলেন।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভার্চুয়ালি 'বিশ্ব পরিযায়ী পাখি দিবস' পালিত

'Sing, Fly, Soar-like a bird' স্লোগানকে সামনে রেখে এবারের 'বিশ্ব পরিযায়ী পাখি দিবস-২০২১' জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের 'ন্যাচার স্টাডি অ্যান্ড কনজারভেশন ক্লাবের (NSCC)' উদ্যোগে ৮ মে অনলাইনে প্লাটফরমে উদযাপিত হয়। এই উপলক্ষে আয়োজন করা হয় পরিযায়ী পাখি উপর আলোচনা সভা।

প্রধান অতিথির বক্তব্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ পরিযায়ী পাখি সংরক্ষনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি পরিযায়ী পাখি রক্ষার্থে পরিবেশ ও বন মন্ত্রনালয়সহ অন্যান্য মন্ত্রনালয়ের সমন্বিত উদ্যোগ গ্রহণ ও আইনের সঠিক বাস্তবায়ন করার প্রতি তাগিদ দেন।

এছাড়াও তিনি আরো বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস স্থাপনে তা পরিযায়ী পাখি বান্ধব হবে এবং দেশি পাখির আবাসস্থল যেন বিনষ্ট না হয় সেদিকে লক্ষ্য রাখা হবে।

বিশেষ অতিথির বক্তব্যে বিশিষ্ট বন্যপ্রাণী বিশেষজ্ঞ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ বাংলাদেশের পরিযায়ী পাখির বর্তমান অবস্থা, এদের গুরুত্বপূর্ণ আবাসস্থল সম্পর্কে বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে তাঁর নির্মিত একটি প্রামান্যচিত্র প্রদর্শিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের সম্মানিত ডিন ও প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম সভাপতির বক্তব্যে ন্যাচার স্টাডি অ্যান্ড কনজারভেশন ক্লাবের কার্যক্রম সম্পর্কে সবাইকে অবহিত করেন।

পরিযায়ী পাখির উপর বিশেষ আলোচনায় অংশগ্রহণ করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক ড. মনিরুল হাসান খান এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের সহাকারী অধ্যাপক দিলীপ কুমার দাশ।

অনুষ্ঠানে আহবায়ক হিসেবে উপস্থিত ছিলেন প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. অনির্বাণ সরকার। এছাড়া অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগসহ বিভিন্ন বিভাগের সম্মানিত শিক্ষক শিক্ষিকাবৃন্দ, প্রাণিবিদ্যা বিভাগের সাবেক এবং বর্তমান শিক্ষার্থীসহ বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও প্রকৃতিপ্রেমীরা অনলাইন প্ল্যাটফরমে সংযুক্ত ছিলেন।

পাশাপাশি, পরিযায়ী পাখি দিবস উপলক্ষে 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় ন্যাচার স্টাডি অ্যান্ড কনজারভেশন ক্লাব' আয়োজন করেছিল আলোকচিত্র প্রতিযোগিতা, স্কুল পর্যায়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সচেতনতামূলক পোস্টার প্রতিযোগিতা, বারোয়ারী বিতর্ক প্রতিযোগিতা, আন্তঃবিশ্ববিদ্যালয় রচনা প্রতিযোগিতা এবং কুইজ প্রতিযোগিতা। আলোচনা অনুষ্ঠানে প্রতিযোগিতার বিজয়ীদের নাম ঘোষণা করা হয়।

উল্লেখ্য যে, ক্লাবটি আয়োজিত এই ইভেন্টটি বিশ্ব পরিযায়ী পাখি দিবস সংস্থা (World Migratory Bird Day Organization) তাদের ওয়েবসাইটে প্রকাশ করেছে। পরিযায় পাখির গুরুত্ব ও পরিবেশে ভূমিকা সম্পর্কে সচেতনতা তৈরির লক্ষ্যে প্রতিবছর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের 'ন্যাচার স্টাডি অ্যান্ড কনজারভেশন ক্লাব (NSC)' এই দিবসটি পালন করে আসছে।

## 'Bangabandhu, Liberation War and Bangladesh: A Study on the State of Nation and Generation' শীর্ষক ওয়েবিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একাডেমিক কমিটির সর্ব্বসম্মত সিদ্ধান্ত অনুসারে মুজিব জন্মশতবর্ষে উপলক্ষে ২২ জুন এক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। মূল প্রতিপাদ্য বিষয় 'Bangabandhu, Liberation War and Bangladesh: A Study on the State of Nation and Generation' উপস্থাপন ও ওয়েবিনারে সভাপতিত্ব করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আণ্ড কুমার গোস্বামী।

ওয়েবিনারে প্রধান অতিথি হিসাবে সংযুক্ত থেকে মূল্যবান বক্তব্য প্রদান করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্রাপক ড. মো. ইমদাদুল হক। বিশেষ অতিথির গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. নিলুফার পারভীন। এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নুরে আলম আব্দুল্লাহ এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম।

ড. অরুণ কুমার গোস্বামীর নামে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ সালে বরাদ্দকৃত স্বল্প বাজেটের গবেষণা কর্ম 'Liberation war of 1971 and Bangladesh in 21st Century : An Enquiry into the State of Nation and Generation' এবং 'Bangabandhu and Emergence of Bangladesh' শীর্ষক গবেষণা প্রকল্প প্রতিবেদন দু'টির সমন্বয়ে একটি গবেষণা গ্রন্থ প্রণয়ন প্রচেষ্টার অংশ হিসাবে এই ওয়েবিনারের মূল প্রতিপাদ্য বিষয় রচিত ও উপস্থাপিত হয়।

এতে বলা হয়,"বাংলা ভাষা, বাঙালি জনগণ এবং বাংলাদেশ অন্তর্নিহিতভাবে সম্পর্কযুক্ত। এই তিনটি বাগধারার প্রতিটিরই আছে সুদীর্ঘ ও বিচিত্র ইতিহাস। আর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাম ছাড়া এই ইতিহাস অসম্পূর্ণ থেকে যায়। তাই বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক অভিন্ন সূত্রে গাথা।" স্বাধীন বাংলাদেশের ৫০বছর এবং বঙ্গবন্ধুর জন্মের ১০০ বছরে অনেক পরিবর্তন হয়েছে। দেশ স্বাধীনের পর মার্কিন পররাষ্ট্র মন্ত্রী হেনরি কিসিঞ্জার বাংলাদেশকে তলাবিহীন ঝুড়ি হিসাবে আখ্যায়িত করেছিল। কিন্তু তখনো বঙ্গবন্ধু সরকারের নেতৃত্বে বাংলাদেশ তাৎপর্যপূর্ণ অগ্রগতি করতে পেরেছিল। দেশ ক্রমান্বয়ে স্থিতিশীলতা ও উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছিল। এমন পরিস্থিতিতে ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়। জেলখানায় চার জাতীয় নেতাকে হত্যা করা হয়। হত্যার মাধ্যমে এভাবে বাঙালি জাতি, মুক্তিযুদ্ধ এবং বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ স্বাধীনের প্রকৃত ইতিহাস বিকৃত এবং বঙ্গবন্ধুর নাম ইতিহাসের পাতা থেকে মুছে ফেলার চেষ্টা করা হয়েছে। স্বাধীন বাংলাদেশের ১৯৭৫ পরবর্তী প্রজন্ম দেশের বিকৃত ইতিহাস জেনেছে। গবেষণায় এই প্রজন্মের মনোভাব ও ধারনা জানার জন্য নির্দিষ্ট কয়েকটি প্রশ্নমালার ভিত্তিতে পরিচালিত জরিপের ফলাফল তুলে ধরা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন সহযোগী অধ্যাপক মেজবাহ-উল-আজম সওদাগর, ধন্যবাদ জ্ঞাপন করেন সহকারী অধ্যাপক নঈম আক্তার সিদ্দিক, সঞ্চালনা করেন শরীফ নুরজাহান ।

## ভূগোল ও পরিবেশ বিভাগে কার্টোগ্রাফি ল্যাব এর উদ্বোধন

২৯ জুন ভূগোল ও পরিবেশ বিভাগে কার্টোগ্রাফি ল্যাব এর উদ্বোধন অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ল্যাবের উদ্বোধন করেন।



কার্টোগ্রাফি ল্যাব এর উদ্বোধন করছেন উপাচার্য

এসময় উদ্বোধনী অনুষ্ঠানে ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ আব্দুল কাদের এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন। এছাড়াও বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

## গবেষণা ও প্রকল্প

### 'Curriculum and Accreditation' শীর্ষক ভার্চুয়াল ওয়ার্কশপ

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'Curriculum and Accreditation' শীর্ষক ভার্চুয়াল ওয়ার্কশপ ১১ জানুয়ারি রসায়ন বিভাগে, ১৮ জানুয়ারি অর্থনীতি বিভাগে, ২১ জানুয়ারি রাষ্ট্রবিজ্ঞান বিভাগে, ২৯ জানুয়ারি সমাজবিজ্ঞান বিভাগে, ৪ ফেব্রুয়ারি সমাজকর্ম বিভাগ, ৭ ফেব্রুয়ারি উদ্ভিদবিজ্ঞান বিভাগে, ১১ ফেব্রুয়ারি ভূগোল ও পরিবেশ বিভাগে, ১৭ ফেব্রুয়ারি মনোবিজ্ঞান বিভাগে, ২৩ ফেব্রুয়ারি ইসলামের ইতিহাস ও সংস্কৃতিক বিভাগে, ২৫ ফেব্রুয়ারি ইসলামিক স্টাডিজ বিভাগে, ২৮ ফেব্রুয়ারি পদার্থবিজ্ঞান বিভাগে, ৪ মার্চ আইন বিভাগে, ৮ মার্চ দর্শন বিভাগে, ১১ মার্চ নৃবিজ্ঞান বিভাগে, ১৪ মার্চ পরিসংখ্যান বিভাগে, ১৬ মার্চ মার্কেটিং বিভাগে, ২৮ মার্চ গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে, ৩১ মার্চ ফিন্যান্স বিভাগে এবং ২৫ এপ্রিল ফার্মেসী বিভাগে অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, ১১ জানুয়ারি হতে ১৬ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত ওয়ার্কর্সপসমুহে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ৩১ মার্চ হতে ২৫ পর্যন্ত অনুষ্ঠিত ওয়াকর্সপসমূহে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য হিসেবে অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খানের সভাপতিত্বে ১১ জানুয়ারি হতে ১৬ মার্চ পর্যন্ত অনুষ্ঠিত ওয়ার্কসপে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। এসময় বিভাগীয় চেয়ারম্যান এবং IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রাজিনা সুলতানা বক্তব্য প্রদান করেন। সঞ্চালনায় ছিলেন IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদা। ওয়ার্কশপে বিভাগীয় শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন।

### 'Curriculum and Self Assessment' শীর্ষক ভার্চুয়াল ওয়ার্কশপ

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে 'Curriculum and Self Assessment' শীর্ষক ভার্চুয়াল ওয়ার্কশপ ২৩ মার্চ প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগে, ২৫ মার্চ লোক প্রশাসন বিভাগে, ২৯ এপ্রিল জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগে, ২ মে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে, ৪ মে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে (আই.ই.আর), ২৭ মে সংগীত বিভাগে, ১ জুন চারুকলা বিভাগে, ৬ জুন নাট্যকলা বিভাগে, ৯ জুন ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগে, ১৪ জুন ভূমি ব্যবস্থাপনা ও আইন বিভাগে এবং ১৬ জুন ইতিহাস বিভাগে অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, ২৩ মার্চ হতে ১ জুন পর্যন্ত অনুষ্ঠিত ওয়াকর্সপসমূহে প্রধান অতিথি হিসেবে দায়িত্বপ্রাপ্ত উপাচার্য হিসেবে অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং ৬ জুন হতে অনুষ্ঠিত ওয়াকর্সপসমূহে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক উপস্থিত ছিলেন।

ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসেবে IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. কামরুল আলম খান, অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রাজিনা সুলতানা এবং মডারেটর হিসেবে অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদা উপস্থিত ছিলেন। এসময় বিভাগীয় চেয়ারম্যানসহ শিকষকবৃন্দ শিক্ষকবৃন্দ ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।

### 'Techniques of Office Management' বিষয়ক ট্রেনিং অনুষ্ঠিত

Institutional Quality Assurance Cell (IQAC) জগন্নাথ বিশ্ববিদ্যালয় আয়োজিত বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণে "Techniques of Office Management" বিষয়ক ভার্চুয়াল ট্রেনিং ২০ জুন, ২২ জুন ও ২৪ জুন অনুষ্ঠিত হয়।

উক্ত ট্রেনিং প্রোগ্রামে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক প্রধান অতিথি এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ট্রেনিং প্রোগ্রামে Resource Person হিসেবে প্রথম পর্বে ছিলেন বিমান বাংলাদেশের জেনারেল ম্যানেজার শাকিল মেরাজ এবং দ্বিতীয় পর্বে ছিলেন IQAC-এর অতিরিক্ত পরিচালক এবং সমাজকর্ম বিভাগের চেয়্যারম্যান অধ্যাপক ড. রাজিনা সুলতানা। প্রথম পর্বে Office Management বিষয়ে এবং দ্বিতীয় পর্বে DO'S AND DON'TS IN THE OFFICE বিষয়ে আলোকপাত করা হয়।

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক এবং পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ কামরুল আলম খান সভাপতি হিসেবে এবং Moderator হিসেবে উপস্থিত ছিলেন IQAC-এর অতিরিক্ত পরিচালক এবং পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আইন-উল হুদা। ট্রেনিং প্রোগ্রামে-এ রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, গ্রন্থাগারি, প্রধান প্রকৌশলীসহ বিভিন্ন বিভাগ ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

### বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ পাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৬৫ শিক্ষার্থী

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৬৫ জন শিক্ষার্থী বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের গবেষণা সহযোগিতা প্রকল্প 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ' এ মনোনীত হয়েছেন। ১১ জানুয়ারি এই বিষয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উপ-সচিব স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তি থেকে এই তথ্য জানা যায়।

মন্ত্রণালয়ের প্রকাশিত বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, ভৌতবিজ্ঞান, খাদ্য ও কৃষি বিজ্ঞান, জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান ক্যাটাগরিতে মনোনীত মোট ৩২৪৯ জন মনোনীত হয়েছেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফেলোশিপপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ভৌতবিজ্ঞান ক্যাটাগরিতে ৪৬ জন ও জীব ও চিকিৎসাবিজ্ঞান ক্যাটাগরিতে ১৯ জন মনোনীত হয়েছেন এবং প্রত্যেকে গবেষণার জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে ৫৪,০০০ টাকা করে পাবেন।

ফেলোশিপপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে ভৌতবিজ্ঞান ক্যাটাগরিতে (এমএস) ভূগোল ও পরিবেশ বিভাগের ২০ জন, রসায়ন বিভাগের ১৩ জন, পরিসংখ্যান বিভাগের ৬ জন, পদার্থবিজ্ঞান বিভাগের ৫ জন, গণিত বিভাগের ১ জন, কম্পিউটার ইঞ্জিনিয়ার বিভাগের ১ জন।

এছাড়াও জীববিজ্ঞান ও চিকিৎসাবিজ্ঞান ক্যাটাগরিতে (এমএস) অণুজীব বিজ্ঞান বিভাগের ৯ জন, উদ্ভিদবিজ্ঞান বিভাগের ৭ জন, প্রাণিবিদ্যা বিভাগের ২ জন, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের ১ জন শিক্ষার্থী ফেলোশিপ অর্জন করেছেন।

উল্লেখ্য, ১৯৭৭-১৯৭৮ অর্থ বছর থেকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ প্রবর্তন করা হয়েছে। পাবলিক বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত/গবেষণারত এমএস, এমফিল, পিএইচডি এবং পোস্ট-ডক্টরাল পর্যায়ের ছাত্র-ছাত্রী/গবেষকদের এই অনুদান দেওয়া হয়।

## বিশ্বের জন্য ব্যাঙের নতুন প্রজাতি আবিষ্কার করলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের ২০১০-১১ শিক্ষাবর্ষের প্রাক্তন শিক্ষার্থী হাসান আল রাজী চয়ন ও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মারজান মারিয়া পুরো বিশ্বের জন্য নতুন প্রজাতির ব্যাঙ আবিষ্কার করেছেন। তারা ব্যাঙটির নামকরণ করেছেন প্রাপ্তিস্থান সিলেটের নাম অনুযায়ী *Leptobrachium sylheticum*।

গত বছর গবেষণার জন্য সিলেটের মৌলভীবাজারের লাউয়াছড়া জাতীয় উদ্যানে গবেষণার কাজের জন্য গেলে তারা সেখানে এই ব্যাঙটিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে বুঝতে পারেন যে এটা আমাদের পরিচিত ব্যাঙ এর থেকে কিছুটা আলাদা প্রকৃতির। তারপরে তারা এটা নিয়ে বিস্তর গবেষণা করে বুঝতে পারেন যে এটা পুরো বিশ্বের জন্য একদম নতুন প্রজাতির ব্যাঙ।

নতুন প্রজাতি হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য এই ব্যাঙের শারীরিক পরিমাপ, এদের মলিকুলার বিশ্লেষণের পাশাপাশি এদের ডাকের বিশ্লেষণও করেছেন যা এই ব্যাঙদের থেকে সম্পূর্ণ ভিন্ন।

এরপরে তারা তাদের গবেষণা পত্রটি Journal of Natural History জার্নালে পাঠালে সেখান থেকে এটা পাবলিশ হয় এবং তাঁদের এই আবিষ্কার এখন বিশ্বের কাছে স্বীকৃতি পায়। তাদের এমন আবিষ্কার দেশের জন্য গৌরবের।

তাদের এই কাজের সার্বিক তত্ত্বাবধানে এবং সহযোগিতায় ছিল Lomonosov Moscow state University এর রাশিয়ান অধ্যাপক Nick Poyarkov।

উল্লেখ্য এর পূর্বেও তারা উক্ত বন থেকে *raorchestes rezakhani* নামে পুরো বিশ্বের জন্য নতুন প্রজাতির ব্যাঙ আবিষ্কার করেছিলেন।

## শ্রদ্ধাঞ্জলি/মানববন্ধন/র‍্যালি

### ২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

২১ ফেব্রুয়ারি 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১' উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনারে সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।




শহীদ দিবসে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য

এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, রেজিস্ট্রার, প্রক্টর, সহকারী প্রক্টর ও অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এ বছর মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে সরকারি স্বাস্থ্যবিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য সীমিত পরিসরে 'মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হচ্ছে।

এদিকে, দিবাগত রাত ১২.০১ মিনিটে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহীদ মিনারে উপাচার্যের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ স্ব-স্ব ব্যানার নিয়ে শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করে। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি (জবিকস), জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেসক্লাব, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতি, রেঞ্জার ইউনিট জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস গ্রুপ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি ইউনিট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, উদীচী শিল্পীগোষ্ঠী, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফটোগ্রাফিক সোসাইটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটি, অন্যান্য সংগঠনের পক্ষে থেকে একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। এসময় ক্যাম্পাসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

### ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস। এই দিবস উদযাপন উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মূল গেইট সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।



ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হচ্ছে

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. শামীমা বেগম, আবাসিক শিক্ষক ড. প্রতিভা রানী কর্মকার এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীল দলের সভাপতি অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, সাধারণ সম্পাদক ড. মোস্তফা কামালসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।

### জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০১ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নির্মিত মুজিব মঞ্চে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এরপর একে একে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় নীল দল, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, পোগোজ ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ এর পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।



জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, রেজিস্ট্রার, দপ্তরের পরিচালক, প্রক্টর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, কর্মকর্তা সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০১ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২১ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বাদ যোহর মিলাদ মাহফিল ও দোয়ার আয়োজন করা হয়।

## বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য-এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ ২০ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে (ধানমন্ডির ৩২নং-এ) শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।



বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য-এর শ্রদ্ধাঞ্জলি নিবেদন

এ সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, প্রক্টর ড. মোস্তফা কামাল, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন, সহকারী প্রক্টর ও বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ এবং কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব প্রদান করায় এসময় তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ এবং বঙ্গবন্ধু কন্যা ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

## ২৫শে মার্চ জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে প্রদীপ প্রজ্বলন

২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে শহীদদের স্মরণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের '৭১-এর গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতি' ভাস্কর্যের সামনে প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে ভয়াল কালরাত স্মরণ করা হয়।



২৫শে মার্চ জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে '৭১-এর গণহত্যা ও মুক্তিযুদ্ধের প্রস্তুতি' ভাস্কর্য চত্বরে প্রদীপ প্রজ্বলন

এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস এক মিনিটের জন্য অন্ধকারাচ্ছন্ন করা হয়। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর নেতৃত্বে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমসহ অন্যান্য সদস্যবৃন্দ, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট, প্রক্টর ড. মোস্তফা কামাল, সহকারী প্রক্টরবৃন্দ, শিক্ষার্থী , কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

২৬ মার্চ 'স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১' উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত মুজিব মঞ্চে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, কর্মকর্তা সমিতি এবং বিভিন্ন সংগঠন একে একে পুষ্পার্ঘ্য অর্পণ করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ও হাউজ

টিউটর, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগমসহ অন্যান্য সদস্যবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধি এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এ সময় মহান স্বাধীনতা সংগ্রামে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এদিকে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সকালে সূর্যোদয়ের সাথে সাথে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতীয় দিবস-২০২১ উপলক্ষে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন ও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়। বাদ জুমা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। এছাড়া বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দিনব্যাপী স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের গান ও দেশাত্মবোধক গান প্রচার করা হয়।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে নব নিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর পুষ্পস্তবক অর্পণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নব নিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ৩ জুন ধানমন্ডির ৩২ এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, সকল অনুষদের ডিন, ইনস্টিটিউটসমূহের পরিচালক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, রেজিস্ট্রার, বিভিন্ন দপ্তরের পরিচালক ও প্রধান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, অন্যান্য শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা, সাংবাদিক, কর্মচারী ও সহায়ক কর্মচারী সমিতিসহ আরো অনেকেই স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে উপস্থিত ছিলেন।



জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে নব নিযুক্ত উপাচার্যের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

উল্লেখ্য ১ জুন ২০২১ তারিখ শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, উদ্ভিদবিজ্ঞান বিভাগ ও ডিন, জীববিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়-কে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ দেয়া হয়।

## নিয়োগ/যোগদান

### ডিন (সামাজিক বিজ্ঞান অনুষদ)

সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের মধ্যে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী-কে ৩ মার্চ হতে পরবর্তী দুই বছরের জন্য উক্ত অনুষদের ডিন হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (অর্থনীতি বিভাগ)

অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ আজম খান-কে ২০ জানুয়ারি হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (জেনেটিং ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ)

জেনেটিং ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক ড. দিলারা ইসলাম শরীফ-কে ১২ ফেব্রুয়ারি হতে পুনরায় পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (সমাজকর্ম বিভাগ)

সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. রাজিনা সুলতানা-কে ১৪ ফেব্রুয়ারি হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ)

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী-কে ৩ মার্চ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ)

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক মোঃ মহিউদ্দিন-কে ৬ মার্চ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (পদার্থবিজ্ঞান বিভাগ)

পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ-কে ৭ মার্চ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ)

একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগর অধ্যাপক মোহাম্মদ শফিকুল ইসলাম-কে ১৫ জুন হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ)

ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগের অধ্যাপক জুনায়েদ আহমদ হালিম-কে ১৬ মার্চ হতে পুনরায় পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### চেয়ারম্যান (গণিত বিভাগ)

গণিত বিভাগের অধ্যাপক ড. মোঃ শরিফুল আলম-কে ২০ মার্চ হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### প্রভোস্ট (বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল)

অনুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শামীমা বেগম-কে ৪ মার্চ হতে পরবর্তী দুই বছরের জন্য বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-এর প্রভোস্ট হিসেবে নিযুক্ত করা হয়েছে।

### পরিচালক (অর্থ ও হিসাব)

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন-এর নিযুক্তির মেয়াদ শেষ হওয়ায় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের সহযোগী অধ্যাপক ড. কাজী মোঃ নাসির উদ্দীন-কে ২৩ জুন হতে পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক হিসেবে পুনরায় নিযুক্ত করা হয়েছে।

### আবাসিক শিক্ষক (বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল)

আধুনিক ভাষা ইনস্টিটিউট-এর সহযোগী অধ্যাপক ড. প্রতিভা রাণী কর্মকার-কে ৪ মার্চ হতে পরবর্তী দুই বছরের জন্য বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল-এর আবাসিক শিক্ষক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

## ডিগ্রি/সম্মাননা/সদস্যপদ/অংশগ্রহণ

### তৃতীয় বারের মতো শ্রেষ্ঠ চিত্র সম্পাদক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৯-এ শ্রেষ্ঠ চিত্রসম্পাদক ক্যাটাগরিতে 'মায়া দ্যা লস্ট মাদার' চলচ্চিত্রে পুরস্কার পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিল্ম অ্যান্ড টেলিভিশন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক জুনায়েদ আহমেদ হালিম। এই নিয়ে তিনবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করলেন তিনি। এর আগে ২০০৪ সালে 'শঙ্খনাদ' ও ২০০৯ সালে 'বৃত্তের বাইরে' চলচ্চিত্রের জন্য শ্রেষ্ঠ চিত্রসম্পাদক হিসেবে তিনি জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১৭ জানুয়ারি আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর পক্ষে তথ্যমন্ত্রী হাছান মাহমুদ বিজয়ী হিসেবে জুনায়েদ হালিমের হাতে পুরস্কারটি তুলে দেন। এ সময় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ

অনুষ্ঠানে যুক্ত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তথ্য প্রতিমন্ত্রী মুরাদ হাসান এবং তথ্যসচিব খাজা মিয়া।



প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে চলচ্চিত্র পুরস্কার-২০১৯ অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর পক্ষে সেরা অভিনেতা-অভিনেত্রী, কণ্ঠশিল্পী, কলাকুশলীদের হাতে পুরস্কার তুলে দেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ —ভোরের কাগজ

অধ্যাপক জুনায়েদ হালিম পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে একমাত্র শিক্ষক যিনি তিনবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেলেন। জুনায়েদ হালিম ১৯৮৬ সালে 'ঢাকা টোকাই'-এর মাধ্যমে প্রথম চলচ্চিত্রে কাজ শুরু করেন। তার সম্পাদনায় ১৯৯৭ থেকে বর্তমান সময় পর্যন্ত বাংলাদেশের অনেক সিনেমা দেশে-বিদেশে নানা ধরনের স্বীকৃতি ও পুরস্কার লাভ করে। পেয়েছেন ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কারও। 'ইয়ে ও সেহেরতো নেহি' সম্পাদনার জন্য ১৯৯৬ সালে শর্ট ফিল্ম ক্যাটাগরিতে ভারতের জাতীয় পুরস্কার পান। তিনি। এটি ছিল তার ডিপ্লোমা ফিল্ম। এছাড়া 'নিরন্তর' চলচ্চিত্রের জন্য ২০০৬ সালে ভারতের গোয়াতে অনুষ্ঠিত আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব-ভারত এ স্পেশাল জুরি অ্যাওয়ার্ড ও একই সিনেমায় একই সালে। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব কেরালায় শ্রেষ্ঠ চলচ্চিত্র পুরস্কার লাভ করে। এছাড়া ২০০৭ সালে 'স্বপ্নডানায়' চলচ্চিত্র সাংহাই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ও ২০০৮ সালে। 'রূপান্তর' চলচ্চিত্র ভারতে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে শ্রেষ্ঠ চলচ্চিত্র হিসবে পুরস্কার লাভ করে।

### অধ্যাপক ড. অশোক কুমার সাহা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. অশোক কুমার সাহা সম্প্রতি ভারতে অনুষ্ঠিত আইপিএ প্রেসিডেন্ট গোল্ড মেডেল এ্যাওয়ার্ড-২০২১ অর্জন করেছেন। এ উপলক্ষে তিনি ৪ মার্চ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে তাঁর কার্যালয়ে এক সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মাদ উপস্থিত ছিলেন।

### মোহাম্মদ ওমর ফারুক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ ওমর ফারুক 'Corporate Social and Environmental Reporting in Textile Industry: Evidence from Bangladesh' শীর্ষক অভিসন্দর্ভ এর জন্য পিএইচ.ডি ডিগ্রি অর্জন করেন। ৪ মার্চ ২০২১ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠিত ৮৪ তম সিন্ডিকেট সভায় এই ডিগ্রির অনুমোদন দেয়া হয়। উল্লেখ্য, তার গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধ্যাপক ও সাবেক বিভাগীয় চেয়ারম্যান এবং বর্তমানে বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি এর উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাঃ আলী নূর।

### জগদীশ চন্দ্র সরকার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক জগদীশ চন্দ্র সরকার এবং কিংস কলেজ লন্ডন এর রসায়ন বিভাগের অধ্যাপক গ্রায়েম হোগাথ এর যৌথ উদ্যোগে আমেরিকান কেমিক্যাল সোসাইটি (ACS) কর্তৃক (১৩ এপ্রিল, ২০২১) ইমপ্যাক্ট ফ্যাক্টর (IF 52.758) জার্নাল Chemical Reviews-এ আর্টিকেল প্রকাশ করে। যৌথভাবে প্রকাশিত আর্টিকেল এর শিরোনাম হলো- "Dithiocarbamate Complexs as Single Source Precursors to Nanoscale Binary, Ternary and Quaternary Metal Sulfide"।

এ রিভিউ পেপারে মলিক্যুলার ও ম্যাটেরিয়ালস রসায়নের মধ্যে সংযোগ স্থাপন করা হয়েছে যেখানে ডাইথায়োকার্বামেট যৌগ থেকে মেটাল সালফাইড ন্যানোমেটেরিয়ালস তৈরি করা হয় এবং ডাইথায়োকার্বামেটই একমাত্র বিক্রিয়ক বা উৎস।

উল্লেখ্য ১৯২৪ সাল থেকে প্রকাশিত ACS তাদের সবচেয়ে জনপ্রিয়, সর্বাধিক উল্লেখ্যযোগ্য কেমিক্যাল রিভিউ প্রকাশ করেছে। বাংলাদেশের একমাত্র জগদীশ চন্দ্র সরকার-এর আমেরিকান কেমিক্যাল সোসাইটি (ACS) কর্তৃক ইমপ্যাক্ট ফ্যাক্টর (IF 52.758) জার্নাল Chemical Reviews-এ আর্টিকেল প্রকাশ করে।

এছাড়াও ২০১৭ সালে জার্মানিতে ৬৭তম নোবেল লরিয়েট মিটিংসে বাংলাদেশর এই তরুণ বিজ্ঞানী ৩০ জন নোবেল বিজয়ীর সাথে এক সপ্তাহ ধরে মতবিনিময় করেন।

### অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী

জার্মানীর LIT Studies on Asia কর্তৃক প্রকাশিত এবং মার্কুস পোর্সে-লডউইগ এবং ইং-ইউ চেন কর্তৃক সম্পাদিত Handbook of Asian States, Geography-History-Culture-Politics-Economy শীর্ষক গ্রন্থে Bangladesh সম্পর্কিত প্রবন্ধ লিখেছেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী। Handbook of Asian States-এ এশিয়া মহাদেশের উনপঞ্চাশটি (৪৯) রাষ্ট্রের Geography-History-Culture-Politics-Economy তথ্য ও উপাত্ত সম্বলিত প্রবন্ধ প্রকাশিত হয়েছে। প্রকাশের বছর ২০২১ সাল, যদিও প্রবন্ধটি জমা নেয়া হয়েছিল ২০১৯ সালে। Handbook of Asian States এ বাংলাদেশ সম্পর্কিত প্রবন্ধ লেখার জন্য LIT Studies on Asia-এর সম্পাদকীয় দপ্তর হতে অধ্যাপক গোস্বামীকে ধন্যবাদ জানিয়ে ২৯ জুন পত্র প্রদান করা হয়।

## পিএইচ.ডি ডিগ্রি প্রদান

### বাংলা বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অন্তর্গত বাংলা বিভাগের অধীনে সৈয়দ মাসুম রেজা-কে তাঁহার রচিত *"History adn Reality of Vashnava Theatre (বৈষ্ণব নাট্যের ইতিহাস ও স্বরূপ)"* শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৪ মার্চ তারিখে অনুষ্ঠিত ৮৪তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচ.ডি ডিগ্রি প্রদান করা হয়।

### ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের অন্তর্গত ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধীনে মুহাম্মদ ফকরুল ইসলাম আনসারী-কে তাঁহার রচিত *"Job Satisfaction of Civil Servants of Bangladesh: An Evaluation"* শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৪ মার্চ তারিখে অনুষ্ঠিত ৮৪তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচ.ডি ডিগ্রি প্রদান করা হয়।

### একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের অন্তর্গত একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের অধীনে প্রসাদ চন্দ্র দাস-কে তাঁহার রচিত *"Credit Risk Management: An Empirical Study of Commercial Banks in Bangladesh"* শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৪ মার্চ তারিখে অনুষ্ঠিত ৮৪তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচ.ডি ডিগ্রি প্রদান করা হয়।

## এম.ফিল ডিগ্রি প্রদান

### ইসলামিক স্টাডিজ বিভাগ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের অন্তর্গত ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে মো. মিকদাদ সিদ্দীকী-কে তাঁহার রচিত *"Relegious Thoughts of Marginalized People in Daulatpur Upazila of Manikgonj District"* শীর্ষক অভিসন্দর্ভের জন্য ৪ মার্চ তারিখে অনুষ্ঠিত ৮৪তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

## ক্রীড়া সংবাদ

### আন্তঃবিশ্ববিদ্যালয় এ্যাথলেটিকস প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর গোল্ড মেডেল অর্জন

আন্তঃবিশ্ববিদ্যালয় এ্যাথলেটিকস প্রতিযোগিতা (২০১৯-২০)-এ লংজ্যাম্প এবং ট্রিপল জ্যাম্পে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মোঃ হোসাইন মোরাদ গোল্ড মেডেল অর্জন করেন।

এ উপলক্ষে ১৯ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ট্রেজারার ও কেন্দ্রীয় ক্রীড়া কমিটির আহবায়ক অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য স্বাক্ষাৎ করেন। উল্লেখ্য উপাচার্য তাঁর কৃতীত্বের সম্মান স্বরূপ ব্লেজার প্রদান করেন । এসময় ক্রীড়া উপ-কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ ও মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নূর মোহাম্মাদ ও শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের সহকারী পরিচালক গৌতম কুমার দাস উপস্থিত ছিলেন ।

### বাংলাদেশ গেমসে ব্রোঞ্জ জিতলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফয়সাল

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত 'বঙ্গবন্ধু নবম বাংলাদেশ গেমস-২০২০' এ ব্রোঞ্জ পদক অর্জন করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের ১৩ তম আবর্তনের শিক্ষার্থী মোঃ ফয়সাল। গেমসে বাংলাদেশ পুলিশ দলের হয়ে হ্যান্ডবল খেলে ব্রোঞ্জ অর্জন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফয়সাল।

### বাংলাদেশ গেমসে জগন্নাথ বিশ্ববিদ্যালয় দুই শিক্ষার্থীর স্বর্ণপদক জয়

বঙ্গবন্ধু ৯ম বাংলাদেশ গেমসে স্বর্ণপদক পেয়েছেন নেপাল এসএ গেমসে স্বর্ণপদকজয়ী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মারজান আক্তার প্রিয়া। একই আসরে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আরেক শিক্ষার্থী নাট্যকলা বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের মোহাম্মদ জর্জিস আনোয়ার নাইম কারাতে প্রতিযোগিতায় স্বর্ণপদক জিতেছেন। ৭ এপ্রিল বান্দরবান জেলা জিমন্যাশিয়ামে অনুষ্ঠিত নারীদের ৫৫ কেজি কুমিতে সেনাবাহিনীর হয়ে মারজান আক্তার প্রিয়া ও আনসার বাহিনীর হয়ে পুরুষদের ৬৭ কেজি কুমিতে জর্জিস আনোয়ার নাইম স্বর্ণপদক জেতেন।

### জাতীয় ক্রিকেট দলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী শহিদুল

শ্রীলংকা সফরে জাতীয় ক্রিকেট দলে ডাক পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শহিদুল ইসলাম। শহিদুল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৭ম ব্যাচের শিক্ষার্থী। শ্রীলঙ্কা সফর উপলক্ষে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) ৯ এপ্রিল একুশ সদস্যের দল ঘোষণা করে। এতে নতুন মুখ হিসেবে দলে জায়গা করে নেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শহিদুল ইসলাম।

উল্লেখ্য, ২০১৭ সালে বাংলাদেশের ঘরোয়া ক্রিকেট লীগে বরিশাল বিভাগের হয়ে আত্মপ্রকাশ ঘটে তরুণ এই ক্রিকেটারের। একই বছরের ২১ নভেম্বর বাংলাদেশ প্রিমিয়ার লীগে চট্টগ্রাম ভাইকিংসের হয়ে 'টি ২০' ক্রিকেটে অভিষেক হয় শহিদুলের। ২০১৮-২০১৯ সেশনে বাংলাদেশ ক্রিকেট লীগে মধ্যাঞ্চল ক্রিকেট দলের বোলিংয়ে নৈপুণ্য দেখিয়ে প্রথম শ্রেণির ক্রিকেটে প্রথম পাঁচ উইকেট শিকার করার কৃতিত্ব অর্জন করেছিলেন ডানহাতি এই পেসার।

## সংগঠন কার্যক্রম

### জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৬ রোভারের ন্যাশনাল অ্যাওয়ার্ড অর্জন

প্রতি বছরের ধারাবাহিকতায় এবারো বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দপ্তর কর্তৃক প্রদানকৃত অ্যাওয়ার্ড অর্জন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপ। প্রাকৃতিক দুর্যোগে ও মানবতার সেবায় কাজের সম্মাননা স্বরূপ ৪ জানুয়ারি এই অ্যাওয়ার্ড ঘোষণা করে বাংলাদেশ স্কাউটস।

এবছর জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে এনামুল হাসান কাওছার, সাদিয়া আখতার, মোল্লা মামুন হাসান, নবাব হোসেন, সাজেদা আক্তার সাথীকে 'ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড' প্রদান করা হয়েছে। এছাড়া এ অ্যাওয়ার্ডের পরের ধাপ 'নাম্বার টু দি ন্যাশনাল সার্ভিস অ্যাওয়ার্ড' পেয়েছেন মো. আহসান হাবিব। এর পরের ধাপ হলো স্কাউটসের সর্বোচ্চ সম্মানীয় 'প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড'। এ পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে মোট ৩০ জন রোভার প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড পেয়েছেন যা বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ে বেশি।

### বার্ষিক শীত বস্ত্র বিতরণ কর্মসূচি

৭ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের উদ্যোগে বার্ষিক শীতবস্ত্র বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস এর গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, কর্মকর্তা সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক এবং রোভার স্কাউট লিডারবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

### "Covid 19 Social Welfare Recognition" এর সম্মাননা হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ক্রেস্ট গ্রহণ

বাংলাদেশের বিশ্ববিদ্যালয় ভিত্তিক ক্লাবগুলোকে নিয়ে Excellence Bangladesh এর উদ্যোগে এবং The Daily Star এর সহযোগিতায় বাস্তবায়িত হয় দুই দিনব্যাপী (০৬-০৭ নভেম্বর) 'Midas Financing Limited' presents 'Campus Club Summit 2020'; যেখানে একটা গুরুত্বপূর্ণ অংশ ছিলো- করোনাকালীন সময়ে (মার্চ থেকে আগষ্ট) যে ক্লাবগুলো নিজেদের জায়গা থেকে এমন কিছু করে দেখিয়েছে যা তাদের নিজেদের, সমাজের এবং আশেপাশের মানুষের উপকারে এসেছে তাদের মূল্যায়ন করে সেরা ৫ টি ক্লাবকে দেওয়া হবে "Covid 19 Social Welfare Recognition" এর সম্মাননা।

এই ক্যাটাগরিতে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং প্রায় সবগুলো প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ৩৫০টি অধিক ক্লাব অংশগ্রহণ করে এবং সেখানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ সবার থেকে এগিয়ে এবং সবচেয়ে সেরা হিসেবে স্বীকৃতি লাভ করে ক্রেস্ট অর্জন করে।



ট্রেজারার-এর সাথে জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটস গ্রুপের সৌজন্য সাক্ষাৎ

এই উপলক্ষে ৭ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সদস্যগণ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্য সাক্ষাৎ করে। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, পরিচালক (অর্থ ও হিসাব) সহ রোভার স্কাউট লিডারবৃদ উপস্থিত ছিলেন।

### জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটের গ্রুপ সম্পাদকের বাংলাদেশ স্কাউটস ট্রেনিং এর সর্বোচ্চ স্বীকৃতি অর্জন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউটের গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার বাংলাদেশ স্কাউটস ট্রেনিং এর সর্বোচ্চ স্বীকৃতি 'ফোর বিড্স (লিডার ট্রেনার) অ্যাওয়ার্ড' অর্জন করেন। এই উপলক্ষে ১০ জানুয়ারি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ ড. মনিরুজ্জামানকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এসময় উদ্ভিদবিজ্ঞান বিভাগের চেয়ারম্যানসহ অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য 'ফোর বিড্স অ্যাওয়ার্ড' এর পূর্বশর্ত অনুযায়ী ড. মনিরুজ্জামান ফিলিপাইনে এপিআর সিএলটি কোর্সে অংশগ্রহণ করেন এবং

বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে তিনিই প্রথম লিডার ট্রেনার হিসেবে স্বীকৃতি অর্জন করেন।

## বিএনসিসি'র ৬ জন ক্যাডেটের সার্জেন্ট পদে পদোন্নতি লাভ

সম্প্রতি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্লাটুনের ছয় জন ক্যাডেট সার্জেন্ট পদে পদোন্নতি লাভ করেন। এই উপলক্ষে ১১ জানুয়ারি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং কোম্পানি কমান্ডার পিইউও আতিয়ার রহমান ছয় জন ক্যাডেটকে সার্জেন্ট পদবীর র‌্যাঙ্ক ব্যাজ পরিয়ে দেন। এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, প্রক্টর এবং অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। নতুন ক্যাডেট সার্জেন্ট দায়িত্ব পালনে নিয়োজিতরা হলেন মোঃ মামুন শেখ, সোহেল রানা, আবু তারেক, তানজিলুর রহমান, রত্না আক্তার এবং মহিমা নূর ঐশী।

## বিএনসিসির সর্বোচ্চ র‌্যাংক পেলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মামুন

রমনা রেজিমেন্টের ২নং ব্যাটালিয়নের আলফা কোম্পানির জগন্নাথ বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট ক্যাডেট সার্জেন্ট ও বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের শিক্ষার্থী মো. মামুন শেখ বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের (বিএনসিসি) সর্বোচ্চ র‌্যাংক ক্যাডেট আন্ডার অফিসার অর্জন করেছেন। ২৮ জানুয়ারি বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের সদর দপ্তরে রমনা রেজিমেন্টের কমান্ডার লেফটেন্যান্ট কর্নেল রাহাত নেওয়াজ ও ব্যাটালিয়ন অ্যাডজুট্যান্ট মেজর কাউছার জাহান আকন্দ তাকে এ সর্বোচ্চ র‌্যাংকের ব্যাচ পড়িয়ে দেন।

## বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নব-নির্বাচিত কমিটির পক্ষ থেকে দেয়াল ক্যালেন্ডার এবং স্যুভেনিয়র শুভেচ্ছাস্বরূপ প্রদান

বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের নব নির্বাচিত কমিটি এর পক্ষ থেকে ৮ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার, প্রক্টর এবং পরিচালক (অর্থ ও হিসাব)-কে দেয়াল ক্যালেন্ডার এবং স্যুভেনিয়র শুভেচ্ছাস্বরূপ প্রদান করা হয়। এসময় বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিটের উপদেষ্টা ও সহযোগী অধ্যাপক মোঃ আব্দুল মান্নানসহ নতুন কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## রোভারের বার্ষিক তাঁবুবাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠানের উদ্বোধন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের তিন দিনব্যাপী বার্ষিক তাঁবুবাস, দীক্ষা ক্যাম্প ও ব্যাজ প্রদান অনুষ্ঠান এর উদ্বোধন ১৭ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিজ্ঞান ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সম্পাদক অধ্যাপক ড. মনিরুজ্জামানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, প্রক্টর ড. মোস্তফা কামাল, অর্থ ও হিসাব দপ্তরের পরিচালক ড. কাজী মোঃ নাসির উদ্দীন।

এসময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভারের সম্পাদক সৈয়দ জাহাঙ্গীর আলম, স্কাউট লিডার পরিসংখ্যান বিভাগের সহযোগী অধ্যাপক মো. আবুল কালাম আজাদ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক কাজী ফারুক হোসেন ও সুমাইয়া খানম চৌধুরী। জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার-ইন-কাউন্সিলের সভাপতি মো. কামরুল হাসান ও সাধারণ সম্পাদক আলমগীর হোসেনের সঞ্চালনায় রোভার স্কাউটের সম্মানিত সদস্য মো. আহসান হাবিবের হাতে কোভিড-১৯ বিশেষ সম্মাননা 'সোশ্যাল ওয়েলফেয়ার রিকগনিশন' অ্যাওয়ার্ড তুলে দেন উপাচার্য ড. মীজানুর রহমান। এছাড়াও বিভাগীয় ফলাফলের ভিত্তিতে কৃতি স্কাউট সদস্য নাট্যকলা বিভাগের শিক্ষার্থী মো. এনামুল হাসান কাওছার, দর্শন বিভাগের শিক্ষার্থী সাঈদ মাহাদী সেকেন্দার, মাইক্রোবায়োলজি বিভাগের শিক্ষার্থী সাদিয়া আখতার, মনোবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সোনিয়া আক্তার পুষ্প, লোক প্রশাসন বিভাগের রাকিবুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী রনি দেবনাথ ও আলামিন এর নিকট পুরস্কার তুলে দেয়া হয়।

উল্লেখ্য, এবছর জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ থেকে ১০২জন নতুন সহচর দীক্ষা গ্রহণের মাধ্যমে বিশ্ব স্কাউট আন্দোলনের সদস্যপদ লাভ করে। শুক্রবার কুমিল্লার লালমাই আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে দীক্ষাপ্রাপ্ত রোভারদের তাঁবুবাস, দীক্ষা ও ব্যাজ প্রদানের মধ্যদিয়ে এই অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

## জবি বিএনসিসি ক্যাডেটদের পদোন্নতি, দায়িত্ব হস্তান্তর ও বিদায় অনুষ্ঠান

বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি), জগন্নাথ বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্টের ১০ জন ক্যাডেট ল্যান্স কর্পোরাল থেকে 'কর্পোরাল' এবং ১৯ জন ক্যাডেট থেকে 'ল্যান্স কর্পোরাল' পদমর্যদা লাভ করেছেন।

এ উপলক্ষে ২৪ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ও কোম্পানি কমান্ডার পিইউও আতিয়ার রহমান ভাষা শহীদ রফিক ভবন চত্বরে নব পদমর্যাদাপ্রাপ্ত ক্যাডেট কর্পোরাল এবং ল্যান্স কর্পোরাল র‌্যাঙ্ক ব্যাচ পড়িয়ে দেন। এসময় নতুন ক্যাডেট ইনচার্জ হিসেবে সার্জেন্ট সোহেল রানাকে দায়িত্ব দেওয়া হয় এবং ১৭তম বিদায়ী ক্যাডেটদের ক্রেস্ট প্রদান করা হয়।

এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, প্রক্টর ড. মোস্তফা কামাল, পরিচালক (অর্থ ও হিসাব) ড. কাজী মোঃ নাসির উদ্দীনসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা এবং ২ বিএনসিসি ব্যাটালিয়ন আলফা কোম্পানির সিইউও মোঃ মামুন শেখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোরের যাত্রা শুরু হয় ১৯৫৫ সাল থেকে। বর্তমানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি '২ রমনা ব্যাটালিয়ন হেডকোয়ার্টার' এর অধীনে রয়েছে। এতে ৬টি প্লাটুন রয়েছে, যার মধ্যে ৩টি ছেলেদের ও ৩টি মেয়েদের। প্রত্যেক প্লাটুনে ৩৩ জন করে ক্যাডেট আছে।

## বিএনসিসি অফিসার ইনচার্জ-এর দুই মাসব্যাপী প্রশিক্ষণ গ্রহণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ও বিএনসিসি কন্টিনজেন্টের অফিসার ইনচার্জ পিইউও আতিয়ার রহমান বিএনসিসি থেকে বাংলাদেশ মিলিটারি একাডেমি চট্টগ্রামে দুই মাসব্যাপী (২৯ ফেব্রুয়ারি হতে ২৯ এপ্রিল) "সেনাবাহিনী প্রি কমিশন ট্রেনিং' সম্পন্ন করেন। এ উপলক্ষে তিনি ৪ মে বিশ্ববিদ্যালয় দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে সৌজন্যে সাক্ষাৎ করেন। ॥

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বার্ষিক দোয়া মাহফিল অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের বার্ষিক দোয়া মাহফিল ৮ মে অনলাইন প্ল্যাটফরম জুমে অনুষ্ঠিত হয়। দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য ও রোভার স্কাউট গ্রুপের সভাপতি অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় কমিশনার (প্রোগ্রাম) ও প্রধান স্কাউট ব্যক্তিত্ব মোহাম্মদ আতিকুজ্জামান রিপন উপস্থিত ছিলেন।

গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, এলটি এর সভাপতিত্বে এবং সিনিয়র রোভার মেট মোঃ কামরুল হাসান এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন পরিসংখ্যান বিভাগের অধ্যাপক মোঃ আবুল কালাম আজাদ, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আবু লায়েক এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এর সহকারী অধ্যাপক কাজী ফারুক হোসেনসহ বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপ-কমিশনার (আন্তর্জাতিক) ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অ্যাডভোকেট খান মো. পীর-ই-আজম আকমল (পিআরএস), বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভারের সাবেক সম্পাদক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট এ্যালামনাই এসোসিয়েশনের সম্পাদক মোঃ ওমর আলী এলটি ও বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভার এর সম্পাদক সৈয়দ জাহাঙ্গীর আলম পিআরএস।

এছাড়াও সংযুক্ত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার-ইন-কাউন্সিলের সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সহ গ্রুপের সাবেক এবং বর্তমান রোভার ও গার্ল-ইন রোভারবৃন্দ। এসময় ইসলামি আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ রেজাউল হোসাইন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট পরিবারে যারা মৃত্যুবরণ করেছেন তাদের আত্মার মাগফিরাত কামনা এবং কোভিডসহ বিভিন্ন রোগ যারা আক্রান্ত তাদের আরোগ্যসহ দেশ ও বিশ্ববাসীর মঙ্গল কামনা করে মোনাজাত পরিচালনা করেন সাবেক সিনিয়র রোভার মেট ও সভাপতি জবি রোভার-ইন-কাউন্সিল এডভোকেট মোঃ হেমায়েত হোসাইন হিমু।

উল্লেখ্য, প্রতিবছর বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল একসাথে রোভার ডেনে হয়ে থাকে। কিন্তু এবছর করোনা পরিস্থিতি, সরকারের বিধি-নিষেধ ও সকলের স্বাস্থ্যবিধির কথা চিন্তা করে অনলাইনে আয়োজন করা হয়।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে ২১ জুন বিশেষ আয়োজন সমিতির কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়। এসময় কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।



'শহীদ সাংবাদিক সেলিনা পারভীন স্মৃতি পাঠাগার' উদ্বোধন করছেন উপাচার্য

অনুষ্ঠানে সাংবাদিক সমিতির আহ্বায়ক লতিফুল ইসলাম-এর সভাপতিত্বে ও সদস্য সচিব আহসান জোবায়ের-এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, রেজিস্ট্রার, প্রক্টর, এবং অন্যান্য শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিক প্রতিনিধিবৃন্দ।

এসময় সাংবাদিক সমিতির কার্যালয়ে 'শহীদ সাংবাদিক সেলিনা পারভীন স্মৃতি পাঠাগার' উদ্বোধন করেন উপাচার্য। রাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি এর প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে 'গণমাধ্যম প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়।

## রোভার-ইন-কাউন্সিল ২০২১-২২ এর নতুন কমিটি গঠন

দেশের সর্বাধিক সংখ্যক প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের রোভার-ইন-কাউন্সিল ২০২১-২০২২ এর নতুন কমিটি ২৫ জুন গঠিত হয়েছে। কাউন্সিলের ইউনিট-১৯ (হিসাববিজ্ঞান) এর সিনিয়র রোভার মেট মোল্লা মামুন হাসান সভাপতি এবং ইউনিট-০৯ (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) এর সিনিয়র রোভার মেট আনোয়ার হোসেন সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। সিনিয়র রোভার মেটদের কণ্ঠ ভোটের মাধ্যমে নতুন কাউন্সিল গঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের গ্রুপ সম্পাদক অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার, এলটি কমিটি ঘোষণা করেন। এ সময় ভার্চুয়াল মাধ্যমে জবি রোভার স্কাউট গ্রুপের রোভার স্কাউট লিডার আবুল কালাম আজাদ ও কাজী ফারুক হোসেন উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সিনিয়র রোভার মেট হিসেবে নিজ ইউনিটে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন ও রোভার-ইন-কাউন্সিলে দায়িত্বশীল ভূমিকা রাখায় শ্রেষ্ঠ সিনিয়র রোভার মেট হিসেবে নির্বাচিত হয়েছেন মামুনুর রশিদ।

## 'ডিবেটার হান্টে' চ্যাম্পিয়ন জগন্নাথ বিশ্ববিদ্যালয়

টেক্সটাইল ইঞ্জিনিয়ার্স সোসাইটি টিম হোম ইকোনমিকস-এর আয়োজনে এই বিতর্ক প্রতিযোগিতার ফাইনালে ২৫ জুন মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (মাভাবিপ্রবি) দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিতার্কিক দল 'নিশীথিনী'।

উল্লেখ্য, দেশসেরা বিতার্কিকের খোঁজে টেক্সটাইল ইঞ্জিনিয়ার্স সোসাইটি টিম হোম ইকোনমিকস আয়োজন করে 'ডিবেটার হান্ট-২০২১'। সনাতনী ফরম্যাটে হওয়া এই বিতর্কে অংশ নেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ২৪ দলের ৭২ জন বিতার্কিক। এতে অংশ নেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফাইন্যান্স বিভাগের ১৩তম ব্যাচের শিক্ষার্থী তৌফিকুল ইসলাম হৃদয়, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ১৩তম ব্যাচের শিক্ষার্থী শারমিন সুলতানা নিশি এবং আইন বিভাগের ১৪তম ব্যাচের শিক্ষার্থী মাঈন আল মুবাশ্বির।

## সংক্ষিপ্ত সংবাদ

### অমর একুশে বইমেলা ২০২১-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত দুইটি গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত

অমর একুশে বইমেলা ২০২১-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত দুইটি গবেষণাধর্মী গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান ২৮ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (স্টল # ৭২১) সম্মুখে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ।



বইমেলায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল প্রাঙ্গণে নতুন গ্রন্থের মোড়ক উন্মোচন করছেন উপাচার্য

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে 'সাব-অল্টার্ন তত্ত্ব: উদ্ভব, বিকাশ ও প্রভাব' গ্রন্থের লেখক ও বাংলা বিভাগের অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, 'বঙ্গবন্ধুর বাকশাল কর্মসূচি: কুরআন-সুন্নাহর আলোকে একটি মূল্যায়ন' গ্রন্থের লেখক ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোস্তফা কামালসহ সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহ, সহকারী প্রক্টরবৃন্দ, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিক ও ছাত্র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের রূপদানের লক্ষ্যে ২০১7 সালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকদের গবেষণাধর্মী পাণ্ডুলিপি প্রকাশের উদ্যোগ গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় ২০১৭-১৮শিক্ষাবর্ষে পাঁচটি, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে পাঁচটি, ২০১৯-২০ শিক্ষাবর্ষে তিনটি, ২০২০-২১ শিক্ষাবর্ষের চারটি গ্রন্থ সহ মোট ১৭টি গ্রন্থ প্রকাশ করেছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আর কয়েকটি গবেষণাধর্মী গ্রন্থ অতিশীঘ্রই প্রকাশিত হবে।

বি: দ্র: অনলাইনে প্রকাশিত বার্তায় কোন সংশোধনী থাকলে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।